যোগজীকরণ
(Integrations)

ইউনিট ১০

ভুমিকা

Integration শব্দের আভিধানিক অর্থ হলো একাঙ্গীকরণ বা সমষ্টিকরণ। গাণিতিকভাবে Integrationকে যোগজীকরণ বলা হয়। যোগজীকরণ অর্থ হলো কোন বস্তুর অসংখ্য অতি ক্ষুদ্র ক্ষেত্রফলের সমষ্টি। সরলরেখা বা বক্ররেখা দ্বারা আবদ্ধ সমতলকে ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশে বিভক্তিকরণের মাধ্যমে এদের সমষ্টি দ্বারা সামগ্রিকভাবে এর ক্ষেত্রফল নির্ণয় করার পদ্ধতি হিসাবেই যোগজীকরণের উৎপত্তি। যোগজীকরণ বা সমাকলন বিদ্যার (Integral Calculus) অন্যতম প্রধান অংশ। ইহা অন্তরজের বিপরীত প্রক্রিয়া ও সমষ্টিকরণ ধারণার সম্প্রসারণ। সর্বপ্রথম প্রাচীন গ্রীক জ্যোতির্বিদ এক্সোডাস যোগজীকরণের কলাকৌশল নিয়ে আলোচনা ও গবেষণা করেন। এক্সোডাস জানা বস্তুর ক্ষেত্রফল বা আয়তনকে ক্ষুদ্র ক্ষুদ্র অসংখ্য খণ্ডে বিভক্ত করে যোগজীকরণের মাধ্যমে ক্ষেত্রফল বা আয়তন নির্ণয় করেন। পরবর্তীতে গ্রীক বিজ্ঞানী আর্কিমিডিস (287B.C-212B.C) তা সংস্কার করে বৃত্তের ও উপবৃত্তের ক্ষেত্রফল নির্ণয় করেন।

তবে আধুনিক যোগজীকরণের প্রবক্তা হিসাবে সপ্তদশ শতাব্দীতে ব্রিটিশ বিজ্ঞানী স্যার আইজ্যাক নিউটন (Sir Issac Newton; 1642-1727) ও জার্মান গণিতবিদ ও দার্শনিক গটফ্রেড উইলিয়াম লিবনীজ (Gottfried William Leibniz;1646-1716) পৃথক পৃথক ভাবে যোগজীকরণের মূলনীতি লিপিবদ্ধ করেন। লিবনীজ Infinitesimal Calculus, Mechanical Calculusআবিষ্কার করেন।

ইউনিটের উদ্দেশ্য

এই ইউনিট শেষে আপনি -

- নির্দিষ্ট যোগজ এবং অনির্দিষ্ট যোগজ ব্যাখ্যা করতে পারবেন,
- প্রতিস্থাপন পদ্ধতিতে ও আংশিক ভগ্নাংশ ব্যবহার করে অনির্দিষ্ট যোগজ নির্ণয় করতে পারবেন,
- অংশায়ন সূত্রের সাহায্যে যোগজীকরণ নির্ণয় করতে পারবেন,
- নির্দিষ্ট যোগজ সম্পর্কিত সমস্যার সমাধান করতে পারবেন,
- নির্দিষ্ট যোগজ ব্যবহার করে ক্ষেত্রফল সম্পর্কিত সমস্যার সমাধান করতে পারবেন,
- $y=f(x)$ সমীকরণের লেখ $X-$অক্ষ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফলের আসন্ন মান নির্ণয় করতে পারবেন।

ইউনিট সমাপ্তির সময়	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১০ দিন

এই ইউনিটের পাঠসমূহ

পাঠ ১০.১ নির্দিষ্ট যোগজ

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- ক্ষেত্রফল হিসাবে নির্দিষ্ট যোগজ বর্ণনা করতে পারবেন,
- প্রতিঅন্তরজ কী ব্যাখ্যা করতে পারবেন,
- নির্দিষ্ট যোগজ সম্পর্কিত মূল উপপাদ্য বর্ণনা করতে পারবেন,
- নির্দিষ্ট যোগজ ব্যবহার করে ক্ষেত্রফল নির্ণয় করতে পারবেন।

মূখ্য শব্দ	নির্দিষ্ট যোগজ, প্রতিঅন্তরজ, যোজিত ফল, মূল উপপাদ্য, ক্ষেত্রফল

মূলপাঠ

ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে যোজন বা সমষ্টি নির্ণয়ের প্রক্রিয়াকে বিশিষভাবে চিহ্নিত করার জন্য গ্রীক গণিতজ্ঞগণ গ্রীকবর্ণ Σ-কে ব্যবহার করতেন। ইংরেজি শব্দ Summation এর প্রথম অক্ষর ‘S’ কে সম্প্রসারণ (Elongated) করে যোগজীকরণ প্রতীক হিসাবে ‘$\int$’ চিহ্নটি সর্বপ্রথম লিবনীজ ব্যবহার করেন। সমষ্টিকরণ ও লিমিটের ধারণা ব্যবহার করে বক্ররেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রফল নির্ণয়ের উদ্দেশ্যেই যোগজীকরণের আবির্ভাব। জার্মান গণিতবিদ জর্জ ফ্রেডরিক বার্নাড রেইম্যান (George Friedrich Bernhard Reimann,1826 -1866) ফাংশনের যোগজীকরণের আধুনিক সংজ্ঞা প্রদান করেন। যোগজীকরণ প্রক্রিয়াকে দুইটি পৃথক উপায়ে আলোচনা করা যায়। যথাঃ প্রতিঅন্তরজ (Anti-Derivative) হিসাবে ও সমষ্টিকরণের সীমারূপে (As the Limit of Sum)। যোগজীকরণকে আবার, (১) নির্দিষ্ট যোগজ ও (২) অনির্দিষ্ট যোগজ; এই দুইভাগে ভাগ করা যায়।

নির্দিষ্ট যোগজের সংজ্ঞা: যদি $f(x)$ ফাংশনটি বদ্ধ ব্যবধি $[a,b]$-এ সীমাবদ্ধ হয় এবং উক্ত ব্যবধিকে n সংখ্যক উপব্যবধি, $\delta_r=[x_{r-1},x_r];\ r=1,2,\cdots,n$-এ এমনভাবে বিভক্ত করা হয় যেন, $n\to\infty$-এর জন্য সর্বাপেক্ষা দীর্ঘ উপব্যবধি $\delta\to 0$ হয় এবং $u_r\in[x_{r-1},x_r]$-এর জন্য $\underset{\delta\to 0}{Lim}\sum_{r=1}^{n} f(u_r)\delta_r$-এর একটি সসীম মান পাওয়া যায়, তবে সেই মানকে নিম্নপ্রান্ত a থেকে উর্ধ্বপ্রান্ত b পর্যন্ত $f(x)$-এর নির্দিষ্ট যোগজ বলা হয়। একে $\int_a^b f(x)dx$ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়। অতএব $\underset{\delta\to 0}{Lim}\sum_{r=1}^{n} f(u_r)\delta_r=\int_a^b f(x)dx$ নির্দেশ করে।

অন্যভাবে, স্বাধীন চলক x-এর জন্য $f(x)$ ফাংশনটির ব্যবধি $[a,b]$-এ অনির্দিষ্ট যোগজ $G(x)$ হলে, অর্থাৎ $\int f(x)dx=G(x)$ হলে, $G(b)-G(a)$ কে $f(x)$ ফাংশনটির নির্দিষ্ট যোগজের মান বলা হয় এবং ইহা $\int_a^b f(x)dx$ প্রতীক দ্বারা সূচিত। অর্থাৎ $\int_a^b f(x)dx=[G(x)]_a^b=G(b)-G(a)$; এখানে a হলো নির্দিষ্ট যোগজের নিম্নসীমা বা নিম্নপ্রান্ত এবং b উর্ধ্বসীমা বা উর্ধ্বপ্রান্ত।

$\int_a^b f(x)\,dx$ **-এর জ্যামিতিক ব্যাখ্যা ঃ** $y = f(x)$ বক্ররেখা এবং $x = a, x = b$ ও $y = 0$ (X -অক্ষ) তিনটি সরলরেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফলকে $\int_a^b f(x)\,dx$ দ্বারা প্রকাশ করা হয়।



অর্থাৎ $\int_a^b f(x)\,dx = ABCDA$ ক্ষেত্রের ক্ষেত্রফল।

যদি x -কে চলরাশি ধরে $[a,b]$ বদ্ধ ব্যবধিতে $f(x)$ ফাংশনটির যোগজ $G(x)$ হয়, অর্থাৎ $\int f(x)dx = G(x)$ হয়, তবে $G(b) - G(a)$ কে $f(x)$ ফাংশনটির নির্দিষ্ট যোগজের মান বলা হয় এবং একে $\int_a^b f(x)\,dx$ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়।

অর্থাৎ $\int_a^b f(x)\,dx = \left[G(x)\right]_a^b = G(b) - G(a)$. এখানে a হলো নির্দিষ্ট যোগজের নিম্নপ্রান্ত এবং b উর্ধ্বপ্রান্ত।

ক্ষেত্রফল হিসাবে নির্দিষ্ট যোগজ: ধরুন, $y = f(x)$ সমীকরণটি একটি বক্র রেখা নির্দেশ করে এবং $f(x)$ ফাংশনটি $a \le x \le b$ ব্যবধিতে অবিচ্ছিন্ন, যেখানে $b > a$ ও a, b নির্দিষ্ট। $x = a, x = b$ বিন্দুতে দুইটি কোটি যথাক্রমে AC ও BE অংকন করুন। তাহলে $OA = a$ ও $OB = b$, যখন O মূলবিন্দু। কাজেই $AB = b - a$.

এখন, AB কে $x = a + h, a + 2h, \cdots$ বিন্দুতে h দৈর্ঘ্যের n সংখ্যক সমান অংশে বিভক্ত করুন যেন $nh = b - a$ বা, $b = a + nh$ হয়।

আবার, $x = a + h, a + 2h, \cdots$ বিন্দুতে $A_1D_1, A_2D_2, \cdots$ কোটি অংকন করুন। তাহলে $[a,b]$ ব্যবধির মধ্যে ক্ষেত্রটি কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র আয়তক্ষেত্রে বিভক্ত হলো।



ধরুন, $y = f(x)$ বক্ররেখা এবং $y = 0$ (X -অক্ষ) ও $x = a, x = b$ দুইটি কোটি দ্বারা আবদ্ধ ক্ষেত্র S দ্বারা সূচিত হলো।

আবার, নিচের আয়তক্ষেত্রগুলির (যথা: $ACC_2A_1, \cdots$) ক্ষেত্রফলের সমষ্টি S_1 এবং উপরিভাগসহ আয়তক্ষেত্রগুলির(যথা: $AC_1D_1A_1, \cdots$) ক্ষেত্রফলের সমষ্টি S_2 দ্বারা সূচিত হলো। তাহলে স্পষ্টতঃ $S_1 < S < S_2$; যেখানে,

$$S_1 = hf(a) + hf(a+h) + \cdots + hf\left(a + \overline{n-1}.h\right)$$

$$= h\sum_{r=0}^{n-1} f(a+rh) \cdots \text{(i)}$$

এবং

$$S_2 = hf(a+h) + hf(a+2h) + \cdots + hf(a+nh) = h\sum_{r=1}^{n} f(a+rh)$$

$$= hf(a) + hf(a+h) + hf(a+2h) + \cdots + hf\left(a + \overline{n-1}.h\right) + hf(b) - hf(a) [\because b = a + nh]$$

$$= h\sum_{r=0}^{n-1} \{ f(a+rh) + f(b) - f(a) \} \cdots \text{(ii)}$$

এখন n এর মান খুব বেশি বৃদ্ধি করলে অর্থাৎ $n \to \infty$ হলে $h \to 0$ হবে এবং (i) থেকে পাই,

$$S_1 = \lim_{h \to 0} h \sum_{r=0}^{n-1} f(a+rh) = \int_a^b f(x)dx$$

আবার, (ii) থেকে পাই, $S_2 = \lim_{h \to 0} h \sum_{r=0}^{n-1} \{ f(a+rh) + f(b) - f(a) \} = \int_a^b f(x)dx$; যেহেতু $\lim_{h \to 0} hf(a) = 0$

এবং $\lim_{h \to 0} hf(b) = 0$ ফলে $S_1 = S_2 = S$. সুতরাং $S = \int_a^b f(x)dx = \int_a^b ydx$

প্রতিঅন্তরজ (Anti-derivative) **হিসাবে যোগজঃ** সমাকলনবিদ্যার একটি গুরুত্বপূর্ণ দিক আছে, আর তা হলো কোন ফাংশনের চলকের সাপেক্ষে অন্তরজ জানা থাকলে মূল ফাংশনটি নির্ণয় করা যায়। কোনো ফাংশনের অন্তরজ থেকে উক্ত ফাংশনটি ফিরে পাওয়ার প্রক্রিয়াই হলো প্রতিঅন্তরজ বা যোগজ। যোগজীকরণ হলো অন্তরজ-এর বিপরীত প্রক্রিয়া (Integration is the inverse process of differentiation)। কোনো স্বাধীন চলক x-এর একটি ফাংশন $G(x)$ যার অন্তরজ $G'(x) = f(x)$ অর্থাৎ $\frac{d}{dx}\{G(x)\} = f(x)$ হলে, $G(x)$ ফাংশনটিকে $f(x)$ এর প্রতিঅন্তরজ অথবা অনির্দিষ্ট যোগজ (Indefinite Integral) বা সমাকলিত মান বা যোগজ বা যোজিত ফল বলা হয় এবং ইহাকে $\int f(x)dx = G(x)$ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়। কোন ফাংশনের যোগজ নির্ণয়ের পদ্ধতিকে যোগজীকরণ (Integration) বলা হয়। ফাংশন $f(x)$ কে যোজ্য রাশি (Integrand), $\int$ প্রতীককে যোগজ চিহ্ন (Integral sign), dx দ্বারা x-এর সাপেক্ষে (With respect to x) এবং x কে যোগজীকরণ চলক বলে। $\int f(x)dx$-কে পড়তে হবে, $f(x)$ এর যোগজ (Integration of $f(x)dx$)।

সুতরাং $\frac{d}{dx}$ এবং $\int dx$ পরস্পর বিপরীত প্রক্রিয়া যারা পরস্পরকে প্রশমিত করে। যেমন- (১) $\frac{d}{dx}(\sin x) = \cos x$, কাজেই $\cos x$ এর যোজিত ফল $\sin x$ অর্থাৎ $\int \cos dx = \sin x$. (২) $\frac{d}{dx}(x^2) = 2x$ যেখানে, $\int 2xdx = 2\int xdx = 2\frac{x^2}{2} = x^2$

নোট ঃ যদি $\frac{d}{dx}(G(x)) = f(x)$ হয়, তবে যোগজীকরণের সংজ্ঞা হতে পাওয়া যায়, $\int f(x)dx = G(x)$ অর্থাৎ $\frac{d}{dx}\left(\int f(x)dx\right) = \frac{d}{dx}(G(x)) = f(x)$. আবার যদি $\frac{d}{dx}(G(x)) = f(x)$ এবং $\int f(x)dx = G(x)$ হয়, তবে $\int\left(\frac{d}{dx}(G(x))\right)dx = G(x)$ হবে। কাজেই $G'(x) = f(x)$. এ কারণেই অন্তরজ ও যোগজীকরণ প্রক্রিয়াদ্বয়ের একটিকে অপরটির বিপরীত প্রক্রিয়া বলা হয়।

নির্দিষ্ট যোগজ সম্পর্কিত মূল উপপাদ্য (Fundamental Theorem on Definite Integrals)- **ইন্টিগ্রাল ক্যালকুলাসের মূল উপপাদ্যঃ বর্ণনাঃ** যদি $f(x)$ ফাংশনটি বদ্ধ ব্যবধি $[a,b]$-তে অবিচ্ছিন্ন (Contineous) হয় এবং $G'(x) = f(x)$ হয় অর্থাৎ $f(x)$ ফাংশনের প্রতিঅন্তরজ $G(x)$ হয়, তবে $\int_a^b f(x)dx = G(b) - G(a)$.

প্রমাণঃ ধরুন $[a,b]$ বদ্ধ ব্যবধিতে $a = x_0, x_1, x_2, \cdots, x_{n-1}, x_n = b$ এইরূপ বিন্দুসমূহ যেন, $a = x_0 < x_1 < x_2 < \cdots < x_{n-1} < x_n = b$ হয়। যেহেতু $x_0 = a$ এবং $x_n = b$, সেহেতু $G(x_0) = G(a)$ এবং $G(x_n) = G(b)$. সুতরাং বিন্দুসমূহ $[a,b]$ ব্যবধিকে $[a,x_1], [x_1,x_2], \cdots, [x_{n-1},b]$ উপব্যবধিতে বিভক্ত করে। ধরুন, উপব্যবধি সমূহের দৈর্ঘ্য যথাক্রমে $\delta_1, \delta_2, \cdots, \delta_n$. যাদের মধ্যে সর্বাপেক্ষা দীর্ঘ উপব্যবধি $\delta \to 0$ এবং $u_r \in \delta_r$

যখন $\delta_r = [x_{r-1}, x_r] = x_r - x_{r-1}$ হয়। অতএব, নির্দিষ্ট যোগজের সংজ্ঞানুসারে
$\underset{\delta \to 0}{Lim} \sum_{r=1}^{n} f(u_r)\delta_r = \int_a^b f(x)\,dx \cdots (i)$

যেহেতু $f(x)$ ফাংশনের প্রতিঅন্তরজ $G(x)$ অর্থাৎ $G'(x) = f(x)$. অতএব $G(x)$ ফাংশন ডিফারেনশিয়াল ক্যালকুলাসের মধ্যমান উপপাদ্যের সকল শর্ত সিদ্ধ করে। সুতরাং অন্তত পক্ষে একটি বিন্দু $u_r \in [x_{r-1}, x_r]$, এমন পাই যখন $x_{r-1} < u_r < x_r$ এর জন্য $G(x_r) - G(x_{r-1}) = (x_r - x_{r-1})G'(u_r) = \delta_r f(u_r)$,(যেহেতু $G'(x) = f(x)$)। অনুরূপভাবে,

$G(x_1) - G(x_0) = (x_1 - x_0)G'(u_1) = \delta_1 f(u_1)$, যখন $x_0 < u_1 < x_1$
$G(x_2) - G(x_1) = (x_2 - x_1)G'(u_2) = \delta_2 f(u_2)$, যখন $x_1 < u_2 < x_2$
$G(x_3) - G(x_2) = (x_3 - x_2)G'(u_3) = \delta_3 f(u_3)$, যখন $x_2 < u_3 < x_3$
$\cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots \quad \cdots$
$G(x_n) - G(x_{n-1}) = (x_n - x_{n-1})G'(u_n) = \delta_n f(u_n)$, যখন $x_{n-1} < u_n < x_n$

যোগ করে পাই, $G(x_n) - G(x_0) = \sum_{r=1}^{n} (x_r - x_{r-1})G'(u_r) = \delta_r f(u_r)$

বা, $G(b) - G(a) = \sum_{r=1}^{n} \delta_r f(u_r)$, যেহেতু $\delta_r = x_r - x_{r-1}$

যেহেতু $f(x)$ ফাংশন অবিচ্ছিন্ন এবং উপব্যবধি সমূহ $\delta_r, (r = 1, 2, \cdots, n)$-এ $n \to \infty$-এর জন্য সর্বাপেক্ষা দীর্ঘ উপব্যবধি $\delta \to 0$ হবে। সুতরাং $\underset{\delta \to 0}{Lim}\{G(b) - G(a)\} = \underset{\delta \to 0}{Lim} \sum_{r=1}^{n} \delta_r f(u_r)$

বা, $G(b) - G(a) = \underset{\delta \to 0}{Lim} \sum_{r=1}^{n} \delta_r f(u_r) = \int_a^b f(x)dx$,((i) থেকে)

সুতরাং $\int_a^b f(x)dx = G(b) - G(a)$.(প্রমাণিত)

নোটঃ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে অসীম ধারার সমষ্টিই যোগজীকরণের প্রথম দৃষ্টিভঙ্গী। দ্বিতীয় দৃষ্টিভঙ্গী অর্থাৎ 'যোগজীকরণকে, অন্তরীকরণের বিপরীত প্রক্রিয়া বলা হয়। সমাকলন বিদ্যার 'মৌলিক উপপাদ্য' (Fundamental Theore) - এ এই দুটি দৃষ্টিভঙ্গীর সমন্বয় সাধিত হয়েছে।

নির্দিষ্ট যোগজ ব্যবহার করে ক্ষেত্রফল (Area by using definite integral): ক্ষেত্রফলের সংজ্ঞা ঃ কোনো সরলরেখা অথবা বক্ররেখা দ্বারা কোনো সমতল ক্ষেত্রে আবদ্ধ তল বা পৃষ্ঠের সীমাবদ্ধ অংশের পরিমাণকে ক্ষেত্রফল বা কালি বলে।

$(\mathrm{i})(a)$ $y = f(x)$ **বক্ররেখা দ্বারা আবদ্ধ সমতল ক্ষেত্রের ক্ষেত্রফল:**

যদি $f(x)$ ফাংশনটি বদ্ধ ব্যবধি $[a,b]$-তে অবিচ্ছিন্ন (Contineous) হয়, তবে $y = f(x)$ বক্ররেখা এবং $y = 0$ (X -অক্ষ) ও $x = a, x = b$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল

Δ হলে, $\Delta = \int_a^b f(x)dx = \int_a^b y\,dx.$

চিত্রে, $ABCDA$ ক্ষেত্রটি $y = f(x)$ বক্ররেখা এবং $y = 0$ (X -অক্ষ) ও $x = a, x = b$ দ্বারা আবদ্ধ।



সুতরাং $ABCDA$ ক্ষেত্রের ক্ষেত্রফল $\Delta = \int_a^b f(x)dx = \int_a^b ydx.$

$(i)(b)$ $x = f(y)$ বক্ররেখা দ্বারা আবদ্ধ সমতল ক্ষেত্রের ক্ষেত্রফল:



যদি $f(y)$ ফাংশনটি বদ্ধ ব্যবধি $[c,d]$-তে অবিচ্ছিন্ন (Contineous) হয়, তবে $x = f(y)$ বক্ররেখা এবং $x = 0$ (Y-অক্ষ) ও $y = c, y = d$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল Δ হলে, $\Delta = \int_c^d f(y)dy = \int_c^d xdy.$

চিত্রে, $ABCDA$ ক্ষেত্রটি $x = f(y)$ বক্ররেখা এবং $x = 0$ (Y-অক্ষ) ও $y = c, y = d$ দ্বারা আবদ্ধ।

সুতরাং $ABCDA$ ক্ষেত্রের ক্ষেত্রফল $\Delta = \int_c^d f(y)dy = \int_c^d xdy.$

(ii) দুইটি বক্ররেখা দ্বারা আবদ্ধ সমতল ক্ষেত্রের ক্ষেত্রফল:

$(ii)(a)$ ধরুন, $y_1 = f(x),\ y_2 = g(x)$ দুইটি বক্ররেখা এবং $x = a, x = b$ দুইটি কোটি দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল Δ হলে, অর্থাৎ $\Delta = PQRSP$ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করতে হবে।



এখন, $PQRSP$ ক্ষেত্রের ক্ষেত্রফল

$= ABRSA$ ক্ষেত্রের ক্ষেত্রফল $-$ $ABQPA$ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$= \int_a^b f(x)dx - \int_a^b g(x)dx$$

$$= \int_a^b \left[f(x) - g(x)\right]dx = \int_a^b (y_1 - y_2)dx$$

$(iii)(b)$ যদি $x_1 = f(y),\ x_2 = g(y)$ দুইটি বক্ররেখা এবং $y = c, y = d$ দুইটি ভুজ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল Δ হলে, অর্থাৎ $\Delta = PQRSP$ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করতে হবে।



এখন, $PQRSP$ ক্ষেত্রের ক্ষেত্রফল

$= ABRSA$ ক্ষেত্রের ক্ষেত্রফল $-$ $ABQPA$ ক্ষেত্রের ক্ষেত্রফল

$$= \int_c^d f(y)dy - \int_c^d g(y)dy$$

$$= \int_c^d \left[f(y) - g(y)\right]dy$$

$$= \int_c^d (x_1 - x_2)dy$$

উদাহরণ 1: $\int_2^4 (x+4)dx$ **নির্ণয় করুন।**

সমাধান: $\int_2^4 (x+4)dx = \int_2^4 xdx + \int_2^4 4dx = \int_2^4 xdx + 4\int_2^4 dx = \left[\frac{x^2}{2}\right]_2^4 + 4[x]_2^4 = \frac{1}{2}\left(4^2-2^2\right)+4(4-2)$

$= \frac{1}{2}(16-4)+4(2) = \frac{12}{2}+8 = 6+8 = 14$

উদাহরণ 2: $\int_1^3 3x^2 dx$ **নির্ণয় করুন।**

সমাধান: $\int_1^3 3x^2dx = 3\int_1^3 x^2dx = 3\left[\frac{x^3}{3}\right]_1^3 = 3\times\frac{1}{3}\left(3^3-1^3\right) = 27-1 = 26$

শিক্ষার্থীর কাজ	মান নির্ণয় করুন, 1. $\int_0^1 \frac{1-x}{1+x}dx$, 2. $\int_0^{\frac{\pi}{2}} \cos^2 xdx$, 3. $\int_0^4 \ln xdx$

উত্তর মিলিয়ে নিন: 1. $\ln 4 - 1 \approx 0.38629$ 2. $\frac{1}{4}(2+\sin 2) \approx 0.72732$ 3. $\ln 256 - 4 \approx 1.5452$

পাঠ ১০.২ অনির্দিষ্ট যোগজ

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- প্রতি অন্তরজকে অনির্দিষ্ট যোগজরূপে প্রকাশ করতে পারবেন,
- কতিপয় প্রমিত ফাংশনের যোগজ নির্ণয় করতে পারবেন।

মূখ্য শব্দ	অনির্দিষ্ট যোগজ, যোগজীকরণ ধ্রুবক, যোগজের স্কেলার গুণ, প্রমিত ফাংশন

মূলপাঠ

প্রতিঅন্তরজকে অনির্দিষ্ট যোগজ (Indefinite Integral) রূপে প্রকাশ: ইতোপূর্বে প্রতিঅন্তরজ আলোচিত হয়েছে। প্রতিঅন্তরজই হচ্ছে অনির্দিষ্ট যোগজ। $G(x)$ ফাংশনটির অন্তরজ $\frac{d}{dx}(G(x)) = G'(x) = f(x)$ হলে, $G(x)$ ফাংশনটি $f(x)$ এর প্রতিঅন্তরজ বা অনির্দিষ্ট যোগজ। অনির্দিষ্ট যোগজ অনন্য নয়, অসংখ্য। কারণ, উদাহরণ দিয়ে আলোচনা করা যাক ঃ

(i) $\frac{d}{dx}\left(x^2\right)=2x=f\left(x\right)$, (ii) $\frac{d}{dx}\left(x^2+1\right)=2x=f\left(x\right)$, (iii) $\frac{d}{dx}\left(x^2-1\right)=2x=f\left(x\right)$,
(iv) $\frac{d}{dx}\left(x^2+2\right)=2x=f\left(x\right)$, (v) $\frac{d}{dx}\left(x^2-2\right)=2x=f\left(x\right)$, (vi) $\frac{d}{dx}\left(x^2+5\right)=2x=f\left(x\right)$,
(vii) $\frac{d}{dx}\left(x^2-5\right)=2x=f\left(x\right);\cdots$ ইত্যাদি।

এখানে, $x^2,\ x^2+1,\ x^2-1,\ x^2+2,\ x^2-2,\ x^2+5,\ x^2-5,\cdots$ ইত্যাদি প্রতিটি রাশি $f\left(x\right)=2x$-এর প্রতিঅন্তরজ বা অনির্দিষ্ট যোগজ। $f(x)$-এর প্রতিঅন্তরজ বা অনির্দিষ্ট যোগজকে $\int f(x)dx$ আকারে লিখা হয়। সুতরাং $\int 2xdx=x^2+C$, যেখানে C -এর মান যথাক্রমে $0,1,-1,2,-2,5,-5,\cdots$ ইত্যাদি। একারণেই অনির্দিষ্ট যোগজীকরণের সর্বক্ষেত্রে একটি ধ্রুবক C অন্তর্ভূক্ত থাকবে।

যোগজীকরণ ধ্রুবক (Constant of Integration): মনে করুন, x চলকের সাপেক্ষে $f(x)$ ফাংশনের জন্য $\frac{d}{dx}\left(G\left(x\right)\right)=f\left(x\right)$ হলে, সংজ্ঞানুসারে $\int f\left(x\right)dx=G\left(x\right)$.

আবার, $\frac{d}{dx}\left(G\left(x\right)+C\right)=\frac{d}{dx}\left(G\left(x\right)\right)+\frac{d}{dx}\left(C\right)=f\left(x\right)+0=f\left(x\right)$; হলে, $\int f\left(x\right)dx=G\left(x\right)+C$. যেখানে C একটি x-নিরপেক্ষ ও ইচ্ছামূলক ধ্রুবক (Arbitrary Constant)।

অনুরূপভাবে, $\frac{d}{dx}\left\{G(x)+C_1\right\}=\frac{d}{dx}\left\{G\left(x\right)\right\}+\frac{d}{dx}\left(C_1\right)=f\left(x\right)+0=f\left(x\right)$; হলে, $\int f\left(x\right)dx=G\left(x\right)+C_1$.

$\frac{d}{dx}\left\{G(x)+C_2\right\}=\frac{d}{dx}\left\{G\left(x\right)\right\}+\frac{d}{dx}\left(C_2\right)=f\left(x\right)+0=f\left(x\right),\cdots$; হলে, $\int f\left(x\right)dx=G\left(x\right)+C_2,\cdots$ ইত্যাদি। যেখানে $C_1,C_2,\cdots$; x-নিরপেক্ষ ও ইচ্ছামূলক ধ্রুবক।

এখানে দেখা যাচ্ছে যে, $G\left(x\right)$; x চলকের সাপেক্ষে $f(x)$ যোজ্যের একটি যোগজ। অনুরূপভাবে, $G\left(x\right)+C$; x চলকের সাপেক্ষে $f(x)$ যোজ্যের অন্য একটি যোগজ। $G\left(x\right)+C_1$; x চলকের সাপেক্ষে $f(x)$ যোজ্যের অন্য আরো একটি যোগজ। $G\left(x\right)+C_2$; x চলকের সাপেক্ষে $f(x)$ যোজ্যের অন্য আরো একটি যোগজ। এভাবে, x চলকের সাপেক্ষে $f(x)$ যোজ্যের জন্য অসংখ্য যোগজ পাওয়া যাবে।

উপরের আলোচনা হতে স্পষ্ট বোঝা যায় যে, C ধ্রুবকটির বিভিন্ন মানের জন্য x চলকের সাপেক্ষে $f(x)$ এর বিভিন্ন যোগজ পাওয়া যাচ্ছে। সুতরাং $G\left(x\right)+C$; x চলকের সাপেক্ষে $f(x)$ এর যোগজের অর্থাৎ $\int f\left(x\right)dx$ এর সাধারণ আকার। এই C-কে **ইচ্ছামূলক ধ্রুবক বা ইচ্ছাধীন ধ্রুবক** বা **যোগজীকরণ ধ্রুবক** (Constant of Integration) বলে।

নোট: অতএব, দেখা যাচ্ছে যে, কোন চলক x এর সাপেক্ষে কোন $f(x)$ ফাংশন বা যোজ্যের একাধিক যোগজ পাওয়া যায়। অর্থাৎ কোন ফাংশনকেই নির্দিষ্ট করে বলা যায় না যে, এটিই একমাত্র x চলকের সাপেক্ষে $f(x)$ এর যোগজ। এই কারণেই $\int f\left(x\right)dx$ আকারের যোগজকে **অনির্দিষ্ট যোগজ** (Indefinite Integral) বলা হয়।

'0' শূন্য-এর যোগজ ধ্রুবক (Integral of '0' (Zero) is Constant): আমরা জানি, $\frac{d}{dx}\left(\text{Any Constant, } C\right)=0$ বা, $\int\left\{\frac{d}{dx}\left(\text{Any Constant, } C\right)\right\}dx=\int 0dx=C\left(\text{Constant}\right)$. অর্থাৎ '0' শূন্য-এর যোগজ বা যোজিত ফল ধ্রুবক (Constant)।

যোগজের ধর্ম (Properties of integration):

(ক) যোগজের স্কেলার গুণ: কোন ধ্রুবক ও ফাংশনের গুণফলের যোজিত ফল ঐ ধ্রুবক এবং ফাংশনের যোজিত ফলের গুণফলের সমান হবে। অর্থাৎ যে কোন x-নিরপেক্ষ ধ্রুবক A এর জন্য, $\int A\, f(x)\, dx = A\int f(x)\, dx$

প্রমাণ: ধরুন, $\int f(x)\,dx = F(x)+C$ যেখানে C একটি যোগজীকরণ ধ্রুবক।

সুতরাং যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\frac{d}{dx}(F(x)+C) = f(x)$

এখন A যদি কোন x-নিরপেক্ষ ধ্রুবক হয়, তবে $\frac{d}{dx}(A\{F(x)+C\}) = A\frac{d}{dx}(F(x)+C) = Af(x)$

অতএব, যোগজীকরণের সংজ্ঞা হতে পাওয়া যাবে, $\int \mathbf{A}\, \boldsymbol{f}(\mathbf{x})\, \mathbf{dx} = \mathbf{A}\int \boldsymbol{f}(\mathbf{x})\, \mathbf{dx}$

(খ) যে কোন দুটি ফাংশন, $f(x)$ ও $g(x)$ এর জন্য, $\int [f(x) \pm g(x)]\,dx = \int f(x)\,dx \pm \int g(x)\,dx$

প্রমাণ: মনে করুন, $\int f(x)\,dx = F(x)$ এবং $\int g(x)\,dx = G(x)$

সুতরাং যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\frac{d}{dx}(F(x)) = f(x)$ এবং $\frac{d}{dx}(G(x)) = g(x)$ হবে।

এখন $\frac{d}{dx}(F(x) \pm G(x)) = \frac{d}{dx}(F(x)) \pm \frac{d}{dx}(G(x)) = f(x) \pm g(x)$

অতএব, যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int [\boldsymbol{f}(\mathbf{x}) \pm \mathbf{g}(\mathbf{x})]\, \mathbf{dx} = \int \boldsymbol{f}(\mathbf{x})\, \mathbf{dx} \pm \int \mathbf{g}(\mathbf{x})\, \mathbf{dx}$

(গ) এবার যদি $A_1, A_2, A_3, \ldots \ldots A_n$ প্রভৃতি n সংখ্যক x নিরপেক্ষ ধ্রুবক এবং $f_1(x), f_2(x), f_3(x), \ldots \ldots \ldots, f_n(x)$ প্রভৃতি n সংখ্যক যোজ্য ফাংশন হয় ,তবে (ক) ও (খ) অনুচ্ছেদে প্রমাণিত ধর্মাবলী হতে সার্বজনীন ভাবে এ তথ্যকে প্রমাণিত বলে ধরে নেওয়া যায় যে,

$$\int [A_1 f_1(x) \pm A_2 f_2(x) \pm A_3 f_3(x) \pm \ldots \ldots \ldots \pm A_n f_n(x)]\,dx$$
$$= A_1\int f_1(x)\,dx \pm A_2\int f_2(x)\,dx \pm A_3\int f_3(x)\,dx \pm \ldots \ldots \ldots \pm A_n\int f_n(x)\,dx$$

(ঘ) নির্দিষ্ট সংখ্যক কতকগুলি ফাংশনের বীজগণিতীয় সমষ্টির যোজিত ফল তাদের পৃথক পৃথক যোজিত ফলের বীজগণিতীয় সমষ্টির সমান অর্থাৎ

$$\int [f(x) + g(x) + \varphi(x) + \phi(x) + \cdots]dx = \int f(x)dx + \int g(x)dx + \int \varphi(x)dx + \int \phi(x)dx + \cdots$$

কতিপয় প্রমিত(Standard) ফাংশনের অন্তরজ ও প্রতিঅন্তরজ বা যোগজ নিচে দেয়া হলো:

(a) $\int x^n dx = \frac{x^{n+1}}{n+1} + c$ (এখানে, $n \neq -1$) যেহেতু $\frac{d}{dx}(x^n) = nx^{n-1}$

(b) $\int dx = x + c$; বা, $\int 1dx = x + c$ যেহেতু $\frac{d}{dx}(x) = 1$

(c) $\int 0dx = c$ যেহেতু $\frac{d}{dx}(c) = 0$

(d) $\int \frac{1}{x}dx = \ln x + c, x \neq 0$ যেহেতু $\frac{d}{dx}(\ln x) = \frac{1}{x}, (x > 0)$

(e) $\int e^x dx = e^x + c$ যেহেতু $\frac{d}{dx}(e^x) = e^x$

(e*) $\int e^{mx} dx = \frac{1}{m}e^{mx} + c$ যেহেতু $\frac{d}{dx}(e^{mx}) = me^{mx}$

(f) $\int a^x dx = \frac{a^x}{\ln a} + c$ যেহেতু $\frac{d}{dx}(a^x) = a^x.\ln a$

(g) $\int \cos x dx = \sin x + c$ যেহেতু $\frac{d}{dx}(\sin x) = \cos x$

(h) $\int -\sin x dx = \cos x + c$; বা, $\int \sin x dx = -\cos x + c;$ যেহেতু $\frac{d}{dx}(\cos x) = -\sin x$

(i) $\int \cos mx dx = \frac{1}{m}\sin mx + c$ যেহেতু $\frac{d}{dx}(\sin mx) = m\cos mx$

(j) $\int \sin mx dx = -\frac{1}{m} \cos mx + c$,বা, $\int (-\sin mx) dx = \frac{1}{m} \cos mx + c$; যেহেতু $\frac{d}{dx}(\cos mx) = -m \sin mx$

(k) $\int \sec^2 x dx = \tan x + c$ যেহেতু $\frac{d}{dx}(\tan x) = \sec^2 x$

(l) $\int co\sec^2 x dx = -\cot x + c$; বা, $\int (-co\sec^2 x) dx = \cot x + c$; যেহেতু $\frac{d}{dx}(\cot x) = -\cos ec^2 x$

(m) $\int \sec x \tan x dx = \sec x + c$ যেহেতু $\frac{d}{dx}\sec x = \sec x \tan x$

(n) $\int co\sec x \cot x dx = -co\sec x + c$ যেহেতু $\frac{d}{dx}(\cos ecx) = -\cos ecx \cot x$

(o) $\int \frac{1}{\sqrt{1-x^2}} dx = \sin^{-1} x + c$ যেহেতু $\frac{d}{dx}(\sin^{-1} x) = \frac{1}{\sqrt{1-x^2}}$

(p) $\int \frac{1}{1+x^2} dx = \tan^{-1} x + c$ যেহেতু $\frac{d}{dx}(\tan^{-1} x) = \frac{1}{1+x^2}$

(q) $\int \frac{1}{x\sqrt{x^2-1}} dx = \sec^{-1} x + c$ যেহেতু $\frac{d}{dx}(\sec^{-1} x) = \frac{1}{x\sqrt{x^2-1}}$

(r) $\int \frac{1}{\sqrt{1-x^2}} dx = -\cos^{-1} x + c$,বা, $\int -\left(\frac{1}{\sqrt{1-x^2}}\right) dx = \cos^{-1} x + c$; যেহেতু $\frac{d}{dx}(\cos^{-1} x) = -\frac{1}{\sqrt{1-x^2}}$

(s) $\int -\left(\frac{1}{1+x^2}\right) dx = \cot^{-1} x + c$, বা, $\int \frac{1}{1+x^2} dx = -\cot^{-1} x + c$ যেহেতু $\frac{d}{dx}(\cot^{-1} x) = -\frac{1}{1+x^2}$

(t) $\int \frac{1}{x\sqrt{x^2-1}} dx = -\cos ec^{-1} x + c$ যেহেতু $\frac{d}{dx}(\cos ec^{-1} x) = -\frac{1}{x\sqrt{x^2-1}}$

(u) $\int \frac{1}{\sqrt{x}} dx = 2\sqrt{x} + c$ যেহেতু $\frac{d}{dx}(\sqrt{x}) = \frac{1}{2\sqrt{x}}$

প্রতিঅন্তরজের সংজ্ঞা হতে যোগজ নির্ণয়:

ফাংশনের অন্তরীকরণের ফলাফল হতে যোজ্য ফাংশনের যোগজ সরাসরি নির্ণয় করা যায়। নিচে কতিপয় প্রমিত বা মৌলিক ফাংশনের যোগজ দেয়া হলো। প্রতিটি ক্ষেত্রে C-কে যোগজীকরণ ধ্রুবক বুঝতে হবে।

(ক) যে কোন x -নিরপেক্ষ ধ্রুবক n হলে, $\int x^n \, dx = \frac{1}{n+1} x^{n+1} + C$ যেখানে $n \neq -1$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}\left(\frac{1}{n+1} x^{n+1} + C\right) = \frac{n+1}{n+1} x^n + 0$ যেখানে $n + 1 \neq 0$

অতএব, যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int x^n \, dx = \frac{1}{n+1} x^{n+1} + C$

(খ) $\int \frac{1}{x} dx = \log_e |x| + C$ যেখানে $x \neq 0$

প্রমাণ: $x > 0$ হলে, $\log_e x$ বাস্তব হয় এবং $\frac{d}{dx}(\log_e x + C) = \frac{1}{x}$

সুতরাং $x > 0$ হলে, যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \frac{1}{x} dx = \log_e x + C$ ... ... (1)

আবার $x < 0$ হলে, $-x > 0$ এবং $\frac{d}{dx}(\log_e(-x) + C) = \frac{1}{-x}(-1) = \frac{1}{x}$

সুতরাং $x < 0$ হলে, যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \frac{1}{x} dx = \log_e(-x) + C$ ... ... (2)

অতএব, সাধারণভাবে বলা যায় যে, $\int \frac{1}{x}\,dx = \log_e|x| + C = \ln|x| + C$

(গ) $\int e^x dx = e^x + C$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}(e^x + C) = e^x$ $\therefore$ যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int e^x\,dx = e^x + C$

(ঘ) $\int a^x dx = \frac{a^x}{\log_e a} + C$ যেখানে $a > 0$ এবং $a \neq 1$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}\left(\frac{a^x}{\log_e a} + C\right) = \frac{\log_e a}{\log_e a}\,a^x = a^x$ যেখানে $\log_e a \neq 0$

অতএব, যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int a^x\,dx = \frac{a^x}{\log_e a} + C$

(ঙ) $\int \sin x\,dx = -\cos x + C$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}(-\cos x + C) = \sin x$ $\therefore$ যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \sin x\,dx = -\cos x + C$

(চ) $\int \cos x\,dx = \sin x + C$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}(\sin x + C) = \cos x$ $\therefore$ যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \cos x\,dx = \sin x + C$

(ছ) $\int \sec^2 x\,dx = \tan x + C$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}(\tan x + C) = \sec^2 x$ $\therefore$ যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \sec^2 x\,dx = \tan x + C$

(জ) $\int \text{cosec}^2 x\,dx = -\cot x + C$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}(-\cot x + C) = \text{cosec}^2 x$ $\therefore$ যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \text{cosec}^2 x\,dx = -\cot x + C$

(ঝ) $\int \sec x \tan x\,dx = \sec x + C$

প্রমাণ: যেহেতু $\frac{d}{dx}(\sec x + C) = \sec x \tan x$ $\therefore$ যোগজীকরণের সংজ্ঞানুসারে, $\int \sec x \tan x\,dx = \sec x + C$

(ঞ) $\int \text{cosec}\,x \cot x\,dx = -\text{cosec}\,x + C$

প্রমাণ: $\frac{d}{dx}(-\text{cosec}\,x + C) = \text{cosec}\,x \cot x$ বলে, সংজ্ঞানুসারে, $\int \text{cosec}\,x \cot x\,dx = -\text{cosec}\,x + C$

উদাহরণ 1: যোগজ নির্ণয় করুনঃ (i) $\int \frac{x}{\sqrt[5]{x^3}}dx$, (ii) $\int \frac{x^5}{x-1}dx$, (iii) $\int \frac{(x^2-1)^3}{\sqrt{x}}dx$, (iv) $\int 16x^{15}dx$, (v) $\int\left(\frac{8}{3}x^3 - x^q\right)dx$

সমাধানঃ (i) $\int \frac{x}{\sqrt[5]{x^3}}dx = \int x.x^{-\frac{3}{5}}dx = \int x^{\frac{2}{5}}\,dx = \frac{5}{7}x^{\frac{7}{5}} + C$

(ii) $\int \frac{x^5}{x-1}dx = \int \frac{x^5-1+1}{x-1}dx = \int \frac{x^5-1}{x-1}dx + \int \frac{1}{x-1}\,dx = \int \frac{(x-1)(x^4+x^3+x^2+x+1)}{x-1}dx + \int \frac{1}{x-1}\,dx$

$= \int (x^4+x^3+x^2+x+1)\,dx + \int \frac{1}{x-1}\,dx = \frac{1}{5}x^5 + \frac{1}{4}x^4 + \frac{1}{3}x^3 + \frac{1}{2}x^2 + x + \ln|x-1| + C$

(iii) $\int \frac{(x^2-1)^3}{\sqrt{x}}dx = \frac{x^6-3x^4+3x^2-1}{\sqrt{x}}dx = \int \frac{x^6-3x^4+3x^2-1}{\sqrt{x}}dx = \int\left(x^{6-\frac{1}{2}} - 3x^{4-\frac{1}{2}} + 3x^{2-\frac{1}{2}} - x^{-\frac{1}{2}}\right)dx$

$$= \int \left(x^{\frac{11}{2}} - 3x^{\frac{7}{2}} + 3x^{\frac{3}{2}} - x^{-\frac{1}{2}} \right) dx = \frac{2}{13} x^{\frac{13}{2}} - \frac{2}{3} x^{\frac{9}{2}} + \frac{6}{5} x^{\frac{5}{2}} - 2x^{\frac{1}{2}} + C$$

$(iv) \int 16x^{15} dx = 16 \int x^{15} dx = 16.\frac{x^{15+1}}{15+1} + C = \frac{16}{16} x^{16} + C = x^{16} + C$

$(v) \int \left(\frac{8}{3} x^3 - x^q \right) dx = \int \frac{8}{3} x^3 dx - \int x^q dx = \frac{8}{3} \int x^3 dx - \int x^q dx = \frac{8}{3}.\frac{x^4}{4} - \frac{x^{q+1}}{q+1} + C = \frac{2}{3} x^4 - \frac{1}{q+1} x^{q+1} + C$

উদাহরণ 2: যোগজ নির্ণয় করুনঃ (i) $\int pvdv$, (ii) $\int \frac{1+\cos 2\theta}{1-\cos 2\theta} d\theta$, (iii) $\int \sec\theta(\sec\theta+\tan\theta)\, d\theta$

সমাধানঃ (i) $\int pvdv = p \int vdv = p.\frac{v^2}{2} + C = \frac{1}{2} pv^2 + C$

(ii) $\int \frac{1+\cos 2\theta}{1-\cos 2\theta} d\theta = \int \frac{2\cos^2\theta}{2\sin^2\theta} d\theta = \int \cot^2\theta\, d\theta = \int (\mathrm{cosec}^2\theta - 1)\, d\theta = -\cot\theta - \theta + C$

(iii) $\int \sec\theta(\sec\theta+\tan\theta)\, d\theta = \int (\sec^2\theta + \sec\theta \tan\theta)\, d\theta = \tan\theta + \sec\theta + C$

উদাহরণ 3: (i) $\int e^{5 \log_e 2x} dx$, (ii) $\frac{9^{1+x}+3^{1+x}}{3^x} dx$, (iii) $\int \frac{e^{3x}+e^{-x}}{e^{2x}+e^{-2x}} dx$, (vi) $\int \sec^2 x \operatorname{cosec}^2 x dx$

সমাধান: (i) $\int e^{5 \log_e 2x} dx = \int e^{\log_e (2x)^5} dx = \int (2x)^5 dx = \frac{32}{6} x^6 + C = \frac{16}{3} x^6 + C$

(ii) $\int \frac{9^{1+x}+3^{1+x}}{3^x} dx = \int \frac{9.9^x+3.3^x}{3^x} dx = \int (9.3^x+3)dx = 9.\frac{3^x}{\log_e 3} + 3x + C$

(iii) $\int \frac{e^{3x}+e^{-x}}{e^{2x}+e^{-2x}} dx = \int e^x \cdot \frac{e^{2x}+e^{-2x}}{e^{2x}+e^{-2x}} dx = \int e^x dx = e^x + C$

$(iv) \int \sec^2 x \operatorname{cosec}^2 x dx = \int \left(1 + \tan^2 x\right) \operatorname{cosec}^2 x dx = \int \operatorname{cosec}^2 x dx + \int \sec^2 x dx = -\cot x + \tan x + C$

উদাহরণ 4: $(i) \int \frac{\sin x - \cos 2x}{1+\sin x} dx$, $(ii) \int \frac{\cos^4 x}{\sin^2 x} dx$, $(iii) \int \frac{a\sin^2 x + b\cos^2 x}{\sin^2 x \cos^2 x} dx$, $(iv) \int \frac{1-\cos 2\theta}{1+\cos 2\theta} d\theta$

সমাধানঃ $(i) \int \frac{\sin x - \cos 2x}{1+\sin x} dx = \int \frac{\sin x - 1 + 2\sin^2 x}{1+\sin x} dx = \int \frac{2\sin^2 x + \sin x - 1}{1+\sin x} dx$

$$= \int \frac{(1+\sin x)(2\sin x - 1)}{1+\sin x} dx = \int (2\sin x - 1) dx = \int 2\sin x dx - \int dx = -2\cos x - x + C$$

$(ii) \int \frac{\cos^4 x}{\sin^2 x} dx = \int \frac{(1-\sin^2 x)^2}{\sin^2 x} dx = \int \frac{(1-\sin^2 x)^2}{\sin^2 x} dx = \int \frac{(1-2\sin^2 x+\sin^4 x)}{\sin^2 x} dx$

$$= \int (\mathrm{cosec}^2 x - 2 + \sin^2 x)\, dx = -\cot x - 2x + \frac{1}{2} \int (1-\cos 2x)\, dx = -\cot x - \frac{5}{2} x + \frac{1}{4} \sin 2x + C$$

$(iii) \int \frac{a\sin^2 x + b\cos^2 x}{\sin^2 x \cos^2 x} dx = \int a\sec^2 x + b\,\mathrm{cosec}^2 x)\, dx = a\tan x - b\cot x + C$

$(iv)\int\frac{1-\cos 2\theta}{1+\cos 2\theta}d\theta=\int\frac{2\sin^2\theta}{2\cos^2\theta}d\theta=\int\tan^2\theta d\theta=\int\left(\sec^2\theta-1\right)d\theta=\int\sec^2\theta d\theta-\int d\theta$
$=\tan\theta-\theta+C$

উদাহরণ 5: $(i)\int\frac{1}{1+\sin x}\,dx\quad(ii)\int\sqrt{1-\sin x}\,dx$ - এর যোজিত ফল নির্ণয় করুন ।

সমাধান: $(i)\int\frac{1}{1+\sin x}\,dx=\int\frac{1}{1+\sin x}\frac{1-\sin x}{1-\sin x}\,dx=\int\frac{1-\sin x}{1-\sin^2 x}\,dx=\int\frac{1-\sin x}{\cos^2 x}\,dx=\int\frac{1}{\cos^2 x}dx-\int\frac{\sin x}{\cos^2 x}dx$

$=\int\sec^2 x\,dx-\int\sec x\tan x\,dx=\tan x-\sec x+c$

$(ii)\int\sqrt{1-\sin x}\,dx=\int\sqrt{\sin^2\frac{x}{2}+\cos^2\frac{x}{2}-2\sin\frac{x}{2}\cos\frac{x}{2}}\,dx=\int\sqrt{\left(\sin\frac{x}{2}-\cos\frac{x}{2}\right)^2}\,dx$

$=\int\left(\sin\frac{x}{2}-\cos\frac{x}{2}\right)dx=\int\sin\frac{x}{2}dx-\int\cos\frac{x}{2}dx=-\frac{\cos\frac{x}{2}}{\frac{1}{2}}-\frac{\sin\frac{x}{2}}{\frac{1}{2}}+C$

$=-2\left(\cos\frac{x}{2}+\sin\frac{x}{2}\right)+C=-2\sqrt{\left(\cos\frac{x}{2}+\sin\frac{x}{2}\right)^2}+C=-2\sqrt{1+\sin x}+C$

পাঠোত্তর মূল্যায়ন ১০.২

নিম্নলিখিত যোগজগুলির যোজিত ফল নির্ণয় করুন:

1. $(i)\int\frac{1}{1-\sin x}\,dx$, $(ii)\int\frac{1}{1+\cos x}\,dx$, $(iii)\int\frac{1}{1-\cos x}\,dx$, $(iv)\int\sqrt{1-\cos 2x}\,dx$, $(v)\int\sqrt{1+\cos 2x}\,dx$

   $(vi)\int\sqrt{1+\sin x}\,dx$, $(vii)\int\sqrt{1+\sin 2x}\,dx$, $(viii)\int\sqrt{1-\sin 2x}\,dx$, $(ix)\int\frac{\sqrt{\tan x}}{\sin x\cos x}dx$

   $(x)\int\frac{1}{1+\cos 2x}dx$, $(xi)\sqrt{1+\cos x}\,dx$, $(xii)\sqrt{1-\cos 4x}\,dx$

2. (i) $\int\sin^4\theta d\theta$, $(ii)\int\operatorname{cosec} y\,dy$, $(iii)\int\cos^2 t\,dt$, $(iv)\int\sin^2 t\cos^2 t\,dt$, $(v)\int\cos^4 x\,dx$,

   $(vi)\int\sin^5\theta d\theta$, $(vii)\int\sin^3 2x\,dx$, $(viii)\int\cos^2 2x\,dx$, $(ix)\int\sin pt\cos qt\,dt,(p>q)$,

   $(x)\int\sin 3x\cos 5x\,dx$, $(xi)\int\sin 2x\sin 4x\,dx$, $(xii)\int\sin^2 3x\,dx$, $(xiii)\int\sin^2 x\cos 2x\,dx$,

   $(xiv)\int\sin 3x\sin 5x\,dx$

3. $(i)\cos 2x$ -এর সূত্রগুলি / অভেদগুলি লিখুন।

   $(ii)\int\cos^5 x\,dx$ নির্ণয় করুন।

   $(iii)\int\sin 5x\cos 7x\,dx$ নির্ণয় করুন।

বহুনির্বাচনি প্রশ্ন:

4. $\int e^{5x}dx$ -এর যোজিত ফল কোনটি?

   (ক) $\frac{1}{5}e^{5x}$ (খ) $-\frac{1}{5}e^{5x}+C$ (গ) $\frac{1}{5}e^{5x}+C$ (ঘ) $\frac{1}{5x}e^{5x}+C$

5. $\int x^9 dx$ -এর যোজিত ফল কোনটি?

(ক) $\frac{1}{10}x^{10}+C$ (খ) $\frac{1}{9x}x^9+C$ (গ) $\frac{1}{9}x^{10}+C$ (ঘ) $-\frac{1}{10}x^{10}+C$

6. দেওয়া আছে, $\int \sin^4 x dx = \frac{3}{8}x - \frac{1}{4}\sin 2x + \frac{1}{32}\sin 4x + C.$

(i) যোজিত ফলে যোগজীকরণ ধ্রুবক না দিলেও উত্তর সঠিক হবে।

(ii) যোজিত ফল নির্ণয়ে $2\sin^2 x = 1 - \cos 2x$ সুত্রটি ব্যবহৃত হয়েছে।

(iii) C-কে যোগজীকরণ ধ্রুবক বলা হয়, যা থাকতে হবে।

উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

(ক) (i) ও (ii) (খ) (i) ও (iii) (গ) (ii) ও (iii) (ঘ) $(i), (ii)$ ও (iii)

পাঠ ১০.৩ প্রতিস্থাপন পদ্ধতিতে অনির্দিষ্ট যোগজ (Method of Substitution for Indefinite Integrals)

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- প্রতিস্থাপন পদ্ধতিতে অনির্দিষ্ট যোগজ নির্ণয় করতে পারবেন।

মূখ্য শব্দ	প্রতিস্থাপন পদ্ধতি, চলক পরিবর্তন, আদর্শ যোগজ, বীজগাণিতিক একঘাত ফাংশন, ত্রিকোণমিতিক ফাংশন

মূলপাঠ

অনির্দিষ্ট যোগজ নির্ণয়ের বিভিন্ন কৌশল: প্রতিস্থাপন পদ্ধতিতে, আংশিক ভগ্নাংশ ব্যবহার করে, অংশায়ন সূত্রের সাহায্যে অনির্দিষ্ট যোগজ নির্ণয় করা যায়। যোগজীকরণ প্রক্রিয়ায় যে কোন যোজনযোগ্য (Integrable) যোগজের যোগজীকরণ করার কোনরূপ ধরা বাঁধা নিয়ম পাওয়া যায় না। যোগজীকরণের পদ্ধতিসমূহ মূলতঃ পরীক্ষামূলক (Tentative)। এই কারণে অন্তরীকরণ অপেক্ষা যোগজীকরণ প্রক্রিয়া জটিলতর। যোগজীকরণ প্রক্রিয়ার মূল লক্ষ্য হলো যোজ্য ফাংশনকে আদর্শ আকারে পরিণত করার চেষ্টা করা। প্রতিস্থাপন পদ্ধতি এদের মধ্যে অন্যতম।

প্রতিস্থাপন পদ্ধতি (Method of substitution) - চলক পরিবর্তন: যোগজীকরণ প্রক্রিয়ার সবচেয়ে প্রয়োজনীয় পদ্ধতির নাম প্রতিস্থাপন পদ্ধতি। এ পদ্ধতিতে প্রদত্ত ফাংশনের চলককে পরিবর্তন করে একটি নতুন চলক সাপেক্ষে যোগজীকরণ করা হয়। প্রদত্ত যোজ্য রাশি(Integrand) এর অন্তর্ভুক্ত কোনো ফাংশনের পরিবর্তে একটি চলরাশি স্থাপন করে যোজিত ফল নির্ণয়ের প্রক্রিয়াকে প্রতিস্থাপন পদ্ধতি বলা হয়।

ধরুন, $f(x)$ দ্বারা সূচিত ফাংশনে $x=g(z)$ বসিয়ে চলকের পরিবর্তন করা হলো। আবার ধরুন, $G=\int f(x)dx$ এবং $x=g(z)$. তাহলে, সংজ্ঞানুসারে, $\frac{dG}{dx}=f(x)$ এবং $\frac{dx}{dz}=g'(z)$. এখন $\frac{dG}{dz}=\frac{dG}{dx}.\frac{dx}{dz}=f(x).g'(z)$ $=f[g(z)]g'(z)$. সুতরাং $G=\int f[g(z)]g'(z)dz$ বা, $\int f(x)dx=\int f[g(z)]g'(z)dz$

প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয়ের কৌশল:

নিয়ম ১: $\int$ f(ax+b) dx প্রতিটি **ধ্রুবক এবং** $n \neq -1$.**আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটি যদি একটি ফাংশনের ফাংশন হয় এবং অন্তবর্তী ফাংশনটির অন্তরক একটি x নিরপেক্ষ ধ্রুবক হয়, তবে অন্তবর্তী ফাংশনটিকে z ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 1: (a) $\int(ax+b)^n dx = \frac{(ax+b)^{n+1}}{a(n+1)} + C; a, b, n$ প্রতিটি ধ্রুবক এবং $n \neq -1$.

(b) $\int \sin(ax+b)\, dx$ (c) $\int(3x+5)^6 dx$ (d) $\int e^{a-bx} dx$

সমাধানঃ (a) মনে করুন, $z = ax+b$ $\therefore$ $dz = a\, dx$ $\therefore dx = \frac{1}{a}dz$

$$\therefore \int(ax+b)^n dx = \frac{1}{a}\int z^n dz = \frac{1}{a}.\frac{z^{n+1}}{n+1} + C = \frac{(ax+b)^{n+1}}{a(n+1)} + C$$

(b) ধরুন, $z = ax+b$ $\therefore$ $dz = a\, dx$

$$\therefore \int \sin(ax+b)\, dx = \frac{1}{a}\int \sin(ax+b)\, a\, dx = \frac{1}{a}\int \sin z\, dz = -\frac{1}{a}\cos z + C = -\frac{1}{a}\cos(ax+b) + C$$

বিকল্প পদ্ধতিঃ ইহাকে সংক্ষেপে $\int \sin(ax+b)dx = -\frac{\cos(ax+b)}{a} + C = -\frac{1}{a}\cos(ax+b) + C$ নির্ণয় করা যায়।

(c) ধরুন, $z = 3x+5$ $\therefore$ $dz = 3\, dx$

$$\therefore \int (3x+5)^6 dx = \frac{1}{3}\int (3x+5)^6 3\, dx = \frac{1}{3}\int z^6\, dz = \frac{1}{21} z^7 + C = \frac{1}{21}(3x+5)^7 + C$$

বিকল্প পদ্ধতিঃ ইহাকে সংক্ষেপে $\int(3x+5)^6 dx = \frac{(3x+5)^{6+1}}{3(6+1)} + C = \frac{1}{21}(3x+5)^7 + C$ নির্ণয় করা যায়।

(d) ধরুন, $z = a-bx$ $\therefore$ $dz = -b\, dx$

$$\therefore \int e^{a-bx} dx = -\frac{1}{b}\int e^{a-bx}(-b)\, dx = -\frac{1}{b}\int e^z dz = -\frac{1}{b} e^z + C = -\frac{1}{b} e^{a-bx} + C$$

বিকল্প পদ্ধতিঃ ইহাকে সংক্ষেপে $\int e^{a-bx}dx = \frac{e^{a-bx}}{-b} + C = -\frac{1}{b}e^{a-bx} + C$ নির্ণয় করা যায়।

টীকা: প্রতিস্থাপনযোগ্য ফাংশনের অন্তরজ ধ্রুবক হলে, বহুপদী যোগজের একটি পদের ক্ষেত্রে সরাসরি ঐ পদের যোগজীকরণ করে, অন্তরক সহগ দ্বারা ভাগ করে যোগজ নির্ণয় করা যাবে।

নিয়ম ২: $\int \frac{f'(x)}{f(x)}\, dx$ আকারের যোগজ:

[যোজ্য ফাংশনটি দুটি ফাংশনের ভাগফল আকারে থাকলে এবং হরে অবস্থিত ফাংশনটির অন্তরক লবে অবস্থান করলে, হরকে z ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 2: (a) $\int \frac{1}{a+bx}\, dx$ **(b)** $\int \frac{1+\cos x}{x+\sin x}\, dx$ **(c)** $\int \frac{\cot x}{\ln \sin x}dx$

সমাধানঃ (a) ধরুন, $z = a+bx$ $\therefore$ $dz = b\, dx$

সুতরাং $\int \frac{1}{a+bx}\, dx = \frac{1}{b}\int \frac{b}{a+bx}\, dx = \frac{1}{b}\int \frac{1}{z}\, dz = \frac{1}{b}\ln|z| + C = \frac{1}{b}\ln|a+bx| + C$

(b) ধরুন, $z = x+\sin x$ $\therefore$ $dz = (1+\cos x)\, dx$

সুতরাং $\int \frac{1+\cos x}{x+\sin x}\, dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln|x+\sin x| + C$

(c) ধরুন, $z = \ln|\sin x|$ $\therefore$ $dz = \frac{1}{\sin x}.\cos x dx = \cot x dx$

সুতরাং $\int \frac{\cot x}{\ln \sin x} dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln|\ln \sin x| + C$

টীকা: কোন যোজ্য ফাংশন যদি এইরূপ একটি ভগ্নাংশের আকারে থাকে যেখানে যোজ্যের লব = হরের সঠিক অন্তরক হয়, তবে যোগজ হবে হরের লগারিদম। বহুপদী যোগজের একটি পদের ক্ষেত্রে এরূপ হলে সরাসরি ঐ পদের যোগজ হিসাবে $\ln$ (হর) বা $\log_e$(হর) লেখা যাবে।

এই পদ্ধতির কয়েকটি আদর্শ যোগজ:

(i) $\int \tan x\, dx = \ln|\sec x| + C$

প্রমাণ: $\int \tan x\, dx = \int \frac{\sin x}{\cos x}\, dx = -\int \frac{-\sin x}{\cos x}\, dx$ এবার ধরুন, $z = \cos x \therefore dz = -\sin x\, dx$

$= -\int \frac{1}{z}\, dz = -\ln|z| + C = -\ln|\cos x| + C = \ln|\sec x| + C$

(ii) $\int \cot x\, dx\, dx = \ln|\sin x| + C$

প্রমাণ: $\int \cot x\, dx = \int \frac{\cos x}{\sin x}\, dx$ এবার ধরুন, $z = \sin x$

$\therefore dz = \cos x dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln|\sin x| + C$

(iii) $\int \sec x\, dx = \ln\left|\tan\left(\frac{\pi}{4} + \frac{x}{2}\right)\right| + C$ **অথবা,** $\ln|\sec x + \tan x| + C$

প্রমাণ : $\int \sec x dx = \int \frac{1}{\cos x}\, dx = \int \frac{dx}{\sin(\frac{\pi}{2} + x)} = \int \frac{dx}{2\sin(\frac{\pi}{4} + \frac{x}{2})\cos(\frac{\pi}{4} + \frac{x}{2})} = \int \frac{\frac{1}{2}\sec^2(\frac{\pi}{4} + \frac{x}{2})}{\tan(\frac{\pi}{4} + \frac{x}{2})}\, dx$

এবার ধরুন, $z = \tan(\frac{\pi}{4} + \frac{x}{2}) \therefore dz = \frac{1}{2}\sec^2(\frac{\pi}{4} + \frac{x}{2}) dx$

অতএব, $\int \sec x dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln\left|\tan\left(\frac{\pi}{4} + \frac{x}{2}\right)\right| + C$

বিকল্প প্রমাণ: ধরুন, $z = \sec x + \tan x$ সুতরাং $dz = \sec x\, (\sec x + \tan x)\, dx$

সুতরাং $\int \sec x\, dx = \int \sec x \frac{\sec x + \tan x}{\sec x + \tan x}\, dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln|\sec x + \tan x| + C$

(iv) $\int \operatorname{cosec} x\, dx = \ln\left|\tan\frac{x}{2}\right| + C$ **অথবা,** $\ln|\operatorname{cosec} x - \cot x| + C$

প্রমাণ: $\int \operatorname{cosec} x\, dx = \int \frac{1}{\sin x}\, dx = \int \frac{dx}{2\sin\frac{x}{2}\cos\frac{x}{2}} = \int \frac{\frac{1}{2}\sec^2\frac{x}{2}}{\tan\frac{x}{2}}\, dx$

এবার ধরুন, $z = \tan\frac{x}{2} \quad \therefore \quad dz = \frac{1}{2}\sec^2\frac{x}{2}\, dx$

অতএব, $\int \operatorname{cosec} x\, dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln\left|\tan\frac{x}{2}\right| + C$

বিকল্প প্রমাণ: ধরুন, $z = \operatorname{cosec} x - \cot x$ সুতরাং $dz = \operatorname{cosec} x\, (\operatorname{cosec} x - \cot x)\, dx$

$\therefore \int \operatorname{cosec} x\, dx = \int \operatorname{cosec} x \frac{\operatorname{cosec} x - \cot x}{\operatorname{cosec} x - \cot x}\, dx = \int \frac{1}{z}\, dz = \ln|z| + C = \ln|\operatorname{cosec} x - \cot x| + C$

নিয়ম ৩: $\int\{f(x)\}^n f'(x)\ dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটি যদি দুটি ফাংশনের গুণফল হয় যার একটি $f(x)$ এর ঘাতবিশিষ্ট এবং অপরটি $f(x)$ এর অন্তরক হয় তবে $f(x) = z$ ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 3: (a) $\int \frac{4x-3}{\sqrt[3]{4x^2-6x+9}}\ dx$ **(b)** $\int \frac{1-\sin x}{\sqrt[4]{x+\cos x}}\ dx$ **(c)** $\int \frac{\sqrt[3]{1+\log e x^2}}{x}\ dx$

সমাধান: (a) ধরুন, $z = (4x^2-6x+9)$ সুতরাং $dz = (8x-6)\ dx$

এখন $\int\frac{4x-3}{\sqrt[3]{4x^2-6x+9}}dx=\frac{1}{2}\int\frac{8x-6}{\sqrt[3]{4x^2-6x+9}}dx=\frac{1}{2}\int\frac{1}{\sqrt[3]{z}}dz$

$$=\frac{1}{2}\int z^{\frac{-1}{3}}dz=\frac{1}{2}.\frac{z^{\frac{-1}{3}+1}}{-\frac{1}{3}+1}+C=\frac{1}{2}.\frac{z^{\frac{2}{3}}}{\frac{2}{3}}+C=\frac{1}{2}.\frac{3}{2}z^{\frac{2}{3}}+C=\frac{3}{4}\left(4x^2-6x+9\right)^{\frac{2}{3}}+C$$

(b) ধরুন, $z = x+\cos x$ সুতরাং $dz = (1-\sin x)\ dx$

এখন $\int\frac{1-\sin x}{\sqrt[4]{x+\cos x}}dx=\int\frac{1}{\sqrt[4]{z}}\ dz=\int z^{\frac{-1}{4}}dz=\frac{z^{-\frac{1}{4}+1}}{-\frac{1}{4}+1}+C=\frac{z^{\frac{3}{4}}}{\frac{3}{4}}+C=\frac{4}{3}z^{\frac{3}{4}}+C=\frac{4}{3}\left(x+\cos x\right)^{\frac{3}{4}}+C$

(c) ধরুন, $z = 1+\log_e x^2$ সুতরাং $dz = \frac{2x}{x^2}\ dx = \frac{2}{x}\ dx$

এখন $\int\frac{\sqrt[3]{1+\log_e x^2}}{x}dx=\frac{1}{2}\int\sqrt[3]{1+\log_e x^2}\,\frac{2}{x}dx=\frac{1}{2}\int\sqrt[3]{z}\ dz=\frac{1}{2}\int z\ dz=\frac{3}{8}z+C=\frac{3}{8}(1+\log_e x^2)+C$

নিয়ম ৪: অনুসিদ্ধান্তঃ $\int f(x)\, f'(x)\ dx$ আকারের যোগজ

[উপরের আকারের যোগজে যদি $n = 1$ হয় তবে যোজ্য ফাংশনদ্বয়ের একটি $f(x)$ এবং অপরটি $f'(x)$ এর অন্তরজ হবে এক্ষেত্রে $f(x) = z$ ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 4: (a) $\int\frac{1}{1+x^2}\ \tan^{-1}x\ dx$ **(b)** $\int \tan x\sec^2x\ dx$

সমাধান: (a) ধরুন, $z = \tan^{-1}x$ $\therefore\ dz = \frac{1}{1+x^2}\ dx$

সুতরাং $\int\frac{1}{1+x^2}\ \tan^{-1}x\ dx = \int z\ dz = \frac{1}{2}\ z^2 + C = \frac{1}{2}(\sin^{-1}x)^2 + C$

(b) ধরুন, $z = \tan x$ $\therefore\ dz = \sec^2x\ dx$

সুতরাং $\int \tan x\sec^2x\ dx = \int z\ dz = \frac{1}{2}\ z^2 + C = \frac{1}{2}(\tan x)^2 + C$

নিয়ম ৫: $\int\varphi\,(f(x))\,f'(x)\ dx$ আকারের যোগজ

এখানে $f(x) = z$ ধরলে, $dz = f'(x)\ dx$ হবে। সুতরাং $\int\varphi\,(f(x))\ f'(x)\ dx = \int\varphi(z)\ dz$ হবে।

[সুতরাং যোজ্য ফাংশনটি যদি একটি যোজনযোগ্য ফাংশনের ফাংশন, $\varphi(f(x))$ এবং দ্বিতীয় ফাংশনটির অন্তরক $f'(x)$ এর গুণফল হয়, তবে ২য় ফাংশন, $f(x)=z$ ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করা যাবে।]

উদাহরণ 5: (a) $\int x^2\cos x^3dx$ **(b)** $\int\frac{\tan(\log_e x)}{x}\ dx$ **(c)** $\int\frac{1}{\sqrt{1-x^2}}e^{a\sin^{-1}x}dx$

সমাধান: (a) মনে করুন, $z = x^3$ $\therefore\ dz = 3x^2\ dx$

এখন $\int x^2\cos x^3\,dx = \frac{1}{3}\int \cos x^3\,(3x^2)\,dx = \frac{1}{3}\int \cos z\,dz = \frac{1}{3}\sin z + C = \frac{1}{3}\sin x^3 + C$

(b) ধরুন, $z = \log_e x \quad \therefore \quad dz = \frac{1}{x}\,dx$

$\therefore \int \frac{\tan(\log_e x)}{x}\,dx = \int \tan(\log_e x)\frac{1}{x}dx = \int \tan z\,dz = \log_e|\sec z| + C = \log_e|\sec(\log_e x)| + C$

(c) মনে করুন, $z = e^{\sin^{-1}x} \quad \therefore \quad dz = \frac{1}{\sqrt{1-x^2}}\,dx$

$\therefore \int \frac{1}{\sqrt{1-x^2}}e^{a\sin^{-1}x}\,dx = \int e^{az}\,dz = -\frac{1}{a}e^{az} + C = -\frac{1}{a}e^{a\sin^{-1}x} + C$

নিয়ম ৬: $\int e^x[f(x)+f'(x)]\,dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটি যদি কোন ফাংশন $f(x)$ এবং এর অন্তরক $f'(x)$ এর সমষ্টির সাথে e^x অথবা a^x জাতীয় পূনরাবৃত্ত ফাংশনের গুণফল হয়, তবে যোজ্য ফাংশনটি হতে $e^x f(x)$ পদটিকে z প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে]

উদাহরণ 6: (a) $\int e^x(\tan x+\sec^2 x)\,dx$ **(b) $\int \frac{xe^x}{(1+x)^2}\,dx$** (c) $\int e^x(\tan x - \log_e\cos x)dx$

সমাধান: (a) মনে করুন, $z = e^x\tan x \quad \therefore \; dz = e^x(\tan x+\sec^2 x)\,dx$

সুতরাং $\int e^x(\tan x+\sec^2 x)\,dx = \int dz = z+C = e^x\tan x+C$

(b) মনে করুন, $z = \frac{e^x}{1+x} \quad \therefore \; dz = \frac{(1+x)e^x - e^x}{(1+x)^2}dx = \frac{x\,e^x}{(1+x)^2}dx$

সুতরাং $\int \frac{x\,e^x}{(1+x)^2}\,dx = \int dz = z+C = \frac{e^x}{1+x}+C$

(c) ধরুন, $I = \int e^x(\tan x - \ln\cos x)\,dx$

এখন, ধরুন, $f(x) = -\ln\cos x \quad \therefore f'(x) = -\frac{1}{\cos x}(-\sin x) = \tan x$

$\therefore I = \int e^x\{f'(x)+f(x)\}dx = e^x f(x) + C = -e^x\ln\cos x + C$

নিয়ম ৭: $\int\tan^n x\,dx$ অথবা $\int\cot^n x\,dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটি যদি tan অথবা cot অনুপাতের যে কোন পূর্ণ সাংখ্যিক ঘাত বিশিষ্ট হয়, তবে $\tan^2 A = \sec^2 A - 1$ অথবা $\cot^2 A = \mathrm{cosec}^2 A - 1$ সূত্রের সাহায্যে পরিবর্তন করে পরবর্তীতে $z = \tan x$ অথবা $z = \cot x$ প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে। যেমন,

উদাহরণ 7: (i) $\int\tan^5 x\,dx$ **(ii) $\int\cot^4 x\,dx$**

সমাধান: (i) মনে করুন, $z = \tan x \;\therefore\; dz = \sec^2 x\,dx$

সুতরাং $\int\tan^5 x\,dx = \int\tan^3 x(\sec^2 x-1)\,dx = \int\tan^3 x\sec^2 x\,dx - \int\tan x(\sec^2 x-1)\,d\,dx$

$= \int(\tan^3 x - \tan x)\sec^2 x\,dx + \int\tan x\,dx = \log_e\sec x + \int(\tan^3 x-\tan x)\sec^2 x\,dx$

$= \log_e\sec x + \int z^3\,dz - \int z\,dz = \log_e\sec x + \frac{1}{4}z^4 - \frac{1}{2}z^2 + C = \log_e\sec x + \frac{1}{4}\tan^4 x - \frac{1}{2}\tan^2 x + C$

(ii) মনে করুন, $z = \cot x \quad \therefore \quad dz = -\mathrm{cosec}^2 x\,dx$

সুতরাং $\int\cot^4 x\,dx = \int\cot^2 x(\mathrm{cosec}^2 x-1)\,dx = \int\cot^2 x\,\mathrm{cosec}^2 x\,dx - \int\cot^2 x\,dx$

$= \int\cot^2 x\,\mathrm{cosec}^2 x\,dx - \int(\mathrm{cosec}^2 x - 1)\,dx = x + \cot x + \int\cot^2 x\,\mathrm{cosec}^2 x\,dx = x + \cot x - \int z^2\,dz$

$= x + \cot x - \frac{1}{3}z^3 + C = x + \cot x - \frac{1}{3}\cot^3 x + C$

শিক্ষার্থীর কাজ	
(i) $\int \tan^3 x\, dx$ (ii) $\int \tan^4 x\, dx$ (iii) $\int \tan^6 x\, dx$	
(iv) $\int \cot^3 x\, dx$ (v) $\int \cot^5 x\, dx$	

নিয়ম 8: $\int \sec^n x\ dx$ অথবা $\int \operatorname{cosec}^n x\ dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটি যদি sec অথবা cosec অনুপাতের যে কোন পূর্ণ সাংখ্যিক ঘাত বিশিষ্ট হয়।]

(A) ঘাত, n যদি বিজোড় পূর্ণ সংখ্যা হয় তবে, $\sec^2 x$ অথবা $\operatorname{cosec}^2 x$-কে দ্বিতীয় ফাংশন ধরে সখন্ড পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে। পরবর্তীতে সখন্ড পদ্ধতিতে যোগজ নির্ণয়ের সময় এর উদাহরণ দেয়া হবে।

(B) ঘাত, n যদি জোড় পূর্ণ সংখ্যা হয় তবে, $\sec^2 x$-কে tanx এবং $\operatorname{cosec}^2 x$-কে cotx এর ফাংশন রুপে প্রকাশ করে যথাক্রমে $z = \tan x$ অথবা $z = \cot x$ প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে। যেমন,

উদাহরণ 8: (i) $\int \sec^6 x\ dx$ (ii) $\int \operatorname{cosec}^4 x\ dx$

সমাধান: (i) এখানে $\int \sec^6 x\, dx = \int (1+\tan^2 x)^2 \sec^2 x\ dx = \int (1+z^2)^2\, dz$

মনে করুন, $z = \tan x \therefore dz = \sec^2 x dx = \int (1+2z^2+z^4)\ dz = z + \frac{2}{3} z^3 + \frac{1}{5} z^5 + C$

$$= \tan x + \frac{2}{3}\tan^3 x + \frac{1}{5}\tan^5 x + C$$

(ii) মনে করুন, $z = \cot x \therefore\ dz = -\operatorname{cosec}^2 x\ dx$

এখন $\int \operatorname{cosec}^4 x\, dx = -\int (1+\cot^2 x)(-\operatorname{cosec}^2 x)\, dx = -\int (1+z^2)\, dz = -z - \frac{2}{3} z^3 + C = -\cot x - \frac{2}{3}\cot^5 x + C$

শিক্ষার্থীর কাজ	
(i) $\int \sec^2 x\, dx$ (ii) $\int \sec^4 x\, dx$ (iii) $\int \operatorname{cosec}^2 x\, dx$	
(iv) $\int \operatorname{cosec}^6 x\, dx$	

নিয়ম ৯: একটি ঘাত যদি ভগ্নাংশ হয় কিন্তু অপর ঘাতটি বিজোড় হয তবে যেটির ঘাত ভগ্নাংশ তাকে z প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে।

উদাহরণ 9: $\int \sqrt{\sin x}\ \cos^3 x\ dx$

সমাধান: মনে করুন, $z = \sin x \quad \therefore \quad dz = \cos x\ dx$

এখন $\int \sqrt{\sin x}\ \cos^3 x\, dx = \int \sqrt{\sin x}\,(1-\sin^2 x)\cos x\, dx = \int \sqrt{z}\,(1-z^2)\, dz$

$$= \int z\ dz - \int z\, dz = \frac{2}{3}\ z - \frac{2}{7}\ z += \frac{2}{3}\ \sin x - \frac{2}{7}\ \sin x + C$$

নিয়ম ১০: উভয় ঘাত যদি যে কোন বাস্তব সংখ্যা হয় কিন্তু ঘাতদ্বয়ের যোগফল একটি ঋণাত্মক জোড় পূর্ণসংখ্যা হয় তবে, $z = \tan x$ প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে।

উদাহরণ 10: $\int \frac{\sqrt{\sin x}}{\sqrt{\cos^5 x}}\ dx$

সমাধান: মনে করুন, $z = \tan x \quad \therefore \quad dz = \sec^2 x\, dx$

এখন $\int \sqrt{\tan x}\ \sec^2 x dx = \int \sqrt{z}\ dz = \int z\ dz = \frac{2}{3}\ z + C = \frac{2}{3}\ \tan x + C$

ত্রিকোণমিতিক ফাংশনের কতিপয় বিশেষ আকার

নিয়ম ১১: (ক) $\int \frac{\sin x}{\sin (x+a)}\ dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটির লব এবং হরে যদি একই অনুপাতের যৌগিক কোণের উপস্থিতি থাকে তবে, হরে অবস্থিত অনুপাতের কোণটিকে z প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে।

উদাহরণ 11: $\int \frac{\sin x}{\sin (x+a)}\ dx$

সমাধান: মনে করুন, $z = x+a \Rightarrow x = z-a \therefore dz = dx$

এখন $\int \frac{\sin x}{\sin(x+a)} dx = \int \frac{\sin(z-a)}{\sin z} dz = \int [\cos a - \sin a \cot z]\, dz$

$= z\cos a - \sin a \log_e \sin z + C = (x+a)\cos a - \sin a \log_e \sin(x+a) + C$

নিয়ম ১২: $\int \frac{1}{a\sin x + b\cos x} dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটির হরে যদি বিভিন্ন সহগবিশিষ্ট sin এবং cos অনুপাতের যোগফল থাকে তবে যোগফলকে cos অথবা sin এর একটিমাত্র অনুপাতে প্রকাশ করে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 12: $\int \frac{1}{2\sin x + 3\cos x} dx$

সমাধান: মনে করুন, $2 = r\cos\alpha$ ও $3 = r\sin\alpha \therefore 2^2+3^2 = r^2 \Rightarrow r = \sqrt{13}$ এবং $\alpha = \tan^{-1}\frac{3}{2}$

এখন $\int \frac{dx}{2\sin x + 3\cos x} = \int \frac{dx}{r\cos\alpha \sin x + r\sin\alpha \cos x} = \frac{1}{r}\int \frac{1}{\sin(x+\alpha)} dx = \frac{1}{\sqrt{13}}\int \operatorname{cosec}(x+\alpha)\, dx$

$= \frac{1}{\sqrt{13}} \log_e \left|\tan\frac{x+\alpha}{2}\right| + C = \frac{1}{\sqrt{13}} \log_e \left|\tan\left(\frac{x}{2} + \frac{1}{2}\tan^{-1}\left(\frac{3}{2}\right)\right)\right| + C$

নিয়ম ১৩: $\int \frac{1}{a\cos x + b\sin x + c} dx$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটির হরে যদি বিভিন্ন সহগবিশিষ্ট sinএবংcosএর যোগফলের সাথে একটি ধ্রুবক পদ থাকে তবে, $\cos x = \cos^2\frac{x}{2} - \sin^2\frac{x}{2}$; $\sin x = 2\sin\frac{x}{2}\cos\frac{x}{2}$ এবং $1 = \sin^2\frac{x}{2} + \cos^2\frac{x}{2}$ বসিয়ে, লব ও হর উভয়কে $\cos^2\frac{x}{2}$ দ্বারা ভাগ করার পরে $z = \tan\frac{x}{2}$ প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 13: (i) $\int \frac{dx}{3+2\sin x}$ (ii) $\int \frac{dx}{2\cos x + 3\sin x + 4}$ (iii) $\int \frac{dx}{3 + 2\sin x + \cos x}$

সমাধান: (i) $\int \frac{dx}{3+2\sin x} = \int \frac{dx}{3 + 2.\frac{2\tan\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}} = \int \frac{1+\tan\frac{x}{2}}{3+3\tan^2\frac{x}{2} + 4\tan\frac{x}{2}} dx = \int \frac{\sec^2\frac{x}{2} dx}{3\tan^2\frac{x}{2} + 4\tan\frac{x}{2} + 3}$

ধরুন, $\tan\frac{x}{2} = z \therefore \frac{1}{2}\sec^2\frac{x}{2} dx = dz$ বা, $\sec^2\frac{x}{2} dx = 2dz$

$$\therefore \int \frac{\sec^2\frac{x}{2} dx}{3\tan^2\frac{x}{2} + 4\tan\frac{x}{2} + 3} = \int \frac{2dz}{3z^2 + 4z + 3} = \int \frac{2dz}{3\left(z^2 + \frac{4}{3}z + 1\right)} = \frac{2}{3}\int \frac{dz}{z^2 + 2.z.\frac{2}{3} + \left(\frac{2}{3}\right)^2 + \frac{5}{9}}$$

$$= \frac{2}{3}\int \frac{dz}{\left(z+\frac{2}{3}\right)^2 + \left(\frac{\sqrt{5}}{3}\right)^2} = \frac{2}{3}\int \frac{dz}{\left(z+\frac{2}{3}\right)^2 + \left(\frac{\sqrt{5}}{3}\right)^2} = \frac{2}{3}.\frac{1}{\frac{\sqrt{5}}{3}} \tan^{-1}\frac{\left(z+\frac{2}{3}\right)}{\frac{\sqrt{5}}{3}} + C$$

$$=\frac{2}{3}.\frac{3}{\sqrt{5}}\tan^{-1}\left(\frac{\tan(x/2)+\frac{2}{3}}{\frac{\sqrt{5}}{3}}\right)+C=\frac{2}{\sqrt{5}}\tan^{-1}\left(\frac{3\tan(x/2)+2}{\sqrt{5}}\right)+C$$

(ii) $I=\int\frac{dx}{2\cos^2\frac{x}{2}-2\sin^2\frac{x}{2}+6\sin\frac{x}{2}\cos\frac{x}{2}+4\sin^2\frac{x}{2}+4\cos^2\frac{x}{2}}=\int\frac{\sec^2\frac{x}{2}dx}{3+\tan^2\frac{x}{2}+3\tan\frac{x}{2}}\ dx$

মনে করুন, $z=\tan\frac{x}{2}$ $\therefore$ $dz=\frac{1}{2}\sec^2\frac{x}{2}\,dx$ $\therefore$ $I=\int\frac{dz}{z^2+3z+3}=\int\frac{dz}{(z+\frac{3}{2})^2+(\frac{\sqrt{3}}{2})^2}$

এবার $z+\frac{3}{2}=y$ হলে, $dz=dy$ অতএব, $\int\frac{dx}{2\cos x+3\sin x+4}=\int\frac{dy}{y^2+(\frac{\sqrt{3}}{2})^2}=\frac{2}{\sqrt{3}}\tan^{-1}\frac{2y}{\sqrt{3}}+C$

$=\frac{2}{\sqrt{3}}\tan^{-1}[\frac{2}{\sqrt{3}}(z+\frac{3}{2})]+C=\frac{2}{\sqrt{3}}\tan^{-1}[\frac{2}{\sqrt{3}}\tan\frac{x}{2}+\sqrt{3}]+C$

(iii) যেহেতু, $\sin x=\frac{2\tan\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}$, $\cos x=\frac{1-\tan^2\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}$

$$\therefore\int\frac{dx}{3+2\sin x+\cos x}=\int\frac{dx}{3+2.\frac{2\tan\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}+\frac{1-\tan^2\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}}=\int\frac{dx}{3+2.\frac{2\tan\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}+\frac{1-\tan^2\frac{x}{2}}{1+\tan^2\frac{x}{2}}}$$

$$=\int\frac{1+\tan^2\frac{x}{2}}{3+3\tan^2\frac{x}{2}+4\tan\frac{x}{2}+1-\tan^2\frac{x}{2}}dx=\int\frac{\sec^2\frac{x}{2}}{2\tan^2\frac{x}{2}+4\tan\frac{x}{2}+4}dx$$

$$=\int\frac{\sec^2\frac{x}{2}}{2\tan^2\frac{x}{2}+4\tan\frac{x}{2}+4}dx=\int\frac{\sec^2\frac{x}{2}dx}{2\left(\tan^2\frac{x}{2}+2\tan\frac{x}{2}+2\right)}=\int\frac{\sec^2\frac{x}{2}dx}{2\left\{\left(\tan\frac{x}{2}+1\right)^2+1\right\}}$$

এবার ধরুন, $\tan\frac{x}{2}=z\therefore\frac{1}{2}\sec^2\frac{x}{2}dx=dz$ বা, $\sec^2\frac{x}{2}dx=2dz$

$$\therefore\int\frac{\sec^2\frac{x}{2}dx}{2\left\{\left(\tan\frac{x}{2}+1\right)^2+1\right\}}=\int\frac{2dz}{2\left\{(z+1)^2+1\right\}}=\int\frac{dz}{(z+1)^2+1}=\tan^{-1}(1+z)+C=\tan^{-1}\left(1+\tan\frac{x}{2}\right)+C$$

কতিপয় বীজগাণিতিক একঘাত ফাংশনের যোগজ নির্ণয়

নিয়ম ১৪: $\int\frac{ax+b}{cx+d}\ dx$ **আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটি যদি দুটি একঘাত রাশির ভাগফল আকারে থাকে তবে হরে অবস্থিত রাশিটিকে z ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে। যেমন,

উদাহরণ 14: $\int \frac{2x+3}{3x-4}\,dx$

সমাধানঃ মনে করুন, $z = 3x-4 \quad \therefore \quad x = \frac{z+4}{3}$ এবং $dz = 3\,dx$

এখন $\int \frac{2x+3}{3x-4}\,dx = \int \frac{2(\frac{z+4}{3})+3}{z}\,dz = \frac{1}{3}\int \frac{2z+17}{z}\,dz = \frac{2}{3}\, z + \frac{17}{3}\,\log_e|z| + C$

অতএব, নির্ণেয় যোগজ $= \frac{2}{3}(3x-4)+\frac{17}{3}\,\log_e|3x-4| + C$

নিয়ম ১৫: $\int (ax+b)\sqrt{cx+d}\,dx$; $\int \frac{cx+d}{\sqrt{ax+b}}\,dx$ **অথবা** $\int \frac{1}{(ax+b)\sqrt{cx+d}}\,dx$

[যোজ্য ফাংশনটি যদি দুটি একঘাত রাশির গুণফল অথবা ভাগফল অথবা হরে অবস্থিত গুণফল আকারে থাকে কিন্তু একটি রাশি বর্গমূল চিহ্নের ভিতরে থাকে তবে, বর্গমূল চিহ্নের ভিতরে অবস্থিত রাশিটিকে z^2 ধরে প্রতিস্থাপন পদ্ধতিতে যোগজ নির্ণয় করতে হবে। যেমন,

উদাহরণ 15: (i) $\int (2x+1)\sqrt{x+3}\,dx$ (ii) $\int \frac{2x+1}{\sqrt{3x+2}}\,dx$ (iii) $\int \frac{dx}{(x+1)\sqrt{x+2}}$

সমাধানঃ (i) মনে করুন, $z^2 = x+3 \quad \therefore x = z^2-3$ এবং $2z\,dz = dx$

এখন $\int (2x+1)\sqrt{x+3}\,dx = \int [\,2(z^2-3)+1]\sqrt{z^2}\,2z\,dz = 2\int (2z^2-5)\,z^2\,dz$

$= 4\int z^4\,dz - 10\int z^2\,dz = \frac{4}{5}\,z^5 - \frac{10}{3}\,z^3 + C = \frac{4}{5}\,\sqrt{(x+3)^5} - \frac{10}{3}\,\sqrt{(x+3)^3} + C$

(ii) মনে করুন, $z^2 = 3x+2 \quad \therefore \; x = \frac{z^2-2}{3} \quad \therefore \; 2\,z\,dz = 3\,dx$

এখন $\int \frac{2x+1}{\sqrt{3x+2}}\,dx = \frac{1}{3}\int \frac{2x+1}{\sqrt{3x+2}}\,3\,dx = \frac{1}{9}\int \frac{2z^2-1}{\sqrt{z^2}}\,2z\,dz = \frac{2}{9}\int (2z^2-1)\,dz$

$= \frac{4}{27}\,z^3 - \frac{2}{9}\,z + C = \frac{4}{27}(\sqrt{3x+2})^3 - \frac{2}{9}\sqrt{3x+2} + C$

(iii) মনে করুন, $z^2 = x+2 \quad \therefore 2z\,dz = dx$ এবং $x = z^2-2$

এখন $\int \frac{dx}{(x+1)\sqrt{x+2}} = \int \frac{1}{(z^2-1)\sqrt{z^2}}\,2z\,dz = \int \frac{2}{(z^2-1)}\,dz = \log\left|\frac{z-1}{z+1}\right| = \log\frac{\sqrt{x+2}-1}{\sqrt{x+2}+1} + C$

নিয়ম ১৬: $\int \frac{1}{\sqrt{ax+b}+\sqrt{ax-b}}\,dx$ **আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটির হর যদি x এর সমান সহগ বিশিষ্ট দুটি একঘাত রাশির বর্গমূলের সমষ্ঠি বা অন্তর হয় তবে, সার্ডের আনুপাতিকরণ নিয়ম দ্বারা সার্ডদ্বয়কে লবে তুলে নিয়ে আলাদাভাবে z প্রতিস্থাপন করে যোগজ নির্ণয় করতে হবে। যেমন,

উদাহরণ 16: মান নির্ণয় করুন $\int \frac{dx}{\sqrt{2x+3}+\sqrt{2x-3}}$

সমাধানঃ $\int \frac{dx}{\sqrt{2x+3}+\sqrt{2x-3}} = \int \frac{1}{\sqrt{2x+3}+\sqrt{2x-3}}\;\frac{\sqrt{2x+3}-\sqrt{2x-3}}{\sqrt{2x+3}-\sqrt{2x-3}}\,dx$

$= \frac{1}{6}\int \sqrt{2x+3}\,dx - \frac{1}{6}\int \sqrt{2x-3}\,dx = \frac{1}{18}(2x+3)\sqrt{2x+3} - \frac{1}{18}(2x-3)\sqrt{2x-3} + C$

কয়েকটি আদর্শ/ প্রমিত যোগজ (Standard Integral)

(i) $\int \frac{dx}{a^2+x^2} = \frac{1}{a}\tan^{-1}\frac{x}{a} + C.$

প্রমাণঃ ধরুন, $x = a\tan\theta$ তাহলে, $dx = a\sec^2\theta d\theta$ এবং $\theta = \tan^{-1}\frac{x}{a}$

$$\therefore \int\frac{dx}{a^2+x^2} = \int\frac{a\sec^2\theta d\theta}{a^2+a^2\tan^2\theta} = \int\frac{a\sec^2\theta d\theta}{a^2(1+\tan^2\theta)} = \int\frac{a\sec^2\theta d\theta}{a^2\sec^2\theta} = \int\frac{1}{a}d\theta = \frac{1}{a}\theta + C = \frac{1}{a}\tan^{-1}\frac{x}{a} + C$$

নোটঃ $x = a\cot\theta$ ধরে প্রমাণ করা যায় $\int\frac{dx}{a^2+x^2} = \frac{-1}{a}\cot^{-1}\frac{x}{a} + C.$

অনুসিদ্ধান্তঃ $\int\frac{dx}{1+x^2} = \tan^{-1}x + C.$

(ii) $\int\frac{dx}{a^2-x^2} = \frac{1}{2a}\ln\left|\frac{a+x}{a-x}\right| + C, (a > x).$

প্রমাণঃ এখানে, $\frac{1}{a^2-x^2} = \frac{1}{2a}\left(\frac{1}{a+x} + \frac{1}{a-x}\right)$

$$\therefore \int\frac{dx}{a^2-x^2} = \frac{1}{2a}\int\left(\frac{1}{a+x} + \frac{1}{a-x}\right)dx = \frac{1}{2a}\left\{\int\frac{dx}{a+x} + \int\frac{dx}{a-x}\right\}$$

$$= \frac{1}{2a}\left\{\ln|a+x| - \ln|a-x|\right\} + C = \frac{1}{2a}\ln\left|\frac{a+x}{a-x}\right| + C.$$

(iii) $\int\frac{dx}{x^2-a^2} = \frac{1}{2a}\ln\left|\frac{x-a}{x+a}\right| + C, (x > a).$

প্রমাণঃ (ii) এর অনুরূপভাবে প্রমাণ করা যায়।

নোটঃ $\int\frac{dx}{1-x^2} = \frac{1}{2}\ln\frac{1+x}{1-x} + C.$

(iv) $\int\frac{dx}{\sqrt{a^2-x^2}} = \sin^{-1}\frac{x}{a} + C.$

প্রমাণঃ মনে করুন, $x = a\sin\theta \therefore dx = a\cos\theta d\theta$ এবং $\theta = \sin^{-1}\frac{x}{a}$

তাহলে, $\int\frac{dx}{\sqrt{a^2-x^2}} = \int\frac{a\cos\theta d\theta}{\sqrt{a^2-a^2\sin^2\theta}} = \int\frac{a\cos\theta d\theta}{a\sqrt{1-\sin^2\theta}} = \int\frac{a\cos\theta d\theta}{a\cos\theta} = \int d\theta = \theta = \sin^{-1}\frac{x}{a} + C.$

নোট ঃ $x = a\cos\theta$ ধরে প্রমাণ করা যায় $\int\frac{dx}{\sqrt{a^2-x^2}} = -\cos^{-1}\frac{x}{a} + C.$

অনুসিদ্ধান্তঃ $\int\frac{dx}{\sqrt{1-x^2}} = \sin^{-1}x + C$ অথবা $\int\frac{dx}{\sqrt{1-x^2}} = -\cos^{-1}x + C$

(v) $\int\frac{dx}{\sqrt{x^2\pm a^2}} = \ln\left(x + \sqrt{x^2\pm a^2}\right).$

প্রমাণঃ ধরুন, $\sqrt{x^2\pm a^2} = z - x$ তাহলে, $z = x + \sqrt{x^2\pm a^2}$

$$\therefore dz = \left(1 + \frac{2x}{2\sqrt{x^2\pm a^2}}\right)dx = \left(\frac{\sqrt{x^2\pm a^2} + x}{\sqrt{x^2\pm a^2}}\right)dx = \frac{zdx}{\sqrt{x^2\pm a^2}}$$

বা, $\frac{dz}{z} = \frac{dx}{\sqrt{x^2\pm a^2}}$ সুতরাং $\int\frac{dx}{\sqrt{x^2\pm a^2}} = \int\frac{dz}{z} = \ln z + C = \ln\left(x + \sqrt{x^2\pm a^2}\right) + C.$

(vi) $\int\sqrt{a^2-x^2}\,dx=\frac{x\sqrt{a^2-x^2}}{2}+\frac{a^2}{2}\sin^{-1}\frac{x}{a}+C.$

প্রমাণঃ ধরুন, $x=a\sin\theta$ তাহলে, $\therefore dx=a\cos\theta d\theta$ এবং $\theta=\sin^{-1}\frac{x}{a}$

$$\therefore\int\sqrt{a^2-x^2}\,dx=\int\sqrt{a^2\left(1-\sin^2\theta\right)}a\cos\theta d\theta$$

$$=\int a^2\cos^2\theta d\theta=\frac{a^2}{2}\int\left(1+\cos2\theta\right)d\theta=\frac{a^2}{2}\left(\theta+\frac{1}{2}\sin2\theta\right)=\frac{a^2}{2}\left(\theta+\sin\theta\cos\theta\right)$$

$$=\frac{a^2}{2}\left(\sin^{-1}\frac{x}{a}+\frac{x}{a}\sqrt{1-\frac{x^2}{a^2}}\right)=\frac{a^2}{2}\sin^{-1}\frac{x}{a}+\frac{x\sqrt{a^2-x^2}}{2}=\frac{x\sqrt{a^2-x^2}}{2}+\frac{a^2}{2}\sin^{-1}\frac{x}{a}+C.$$

$\int\frac{1}{ax^2+bx+c}dx$ $(a\neq0)$ আকারের যোগজের কতিপয় বিশেষ রূপ

দ্বিঘাত রাশি ax^2+bx+c -কে সাধারণত দ্বিপদী, ত্রিপদী অথবা দুটি সরল উৎপাদক হিসাবে পাওয়া যেতে পারে। অর্থাৎ ax^2+c, ax^2+bx+c অথবা $a(x+\alpha)(x+\beta)$। এখন যোজ্য ফাংশনটির হরে অবস্থিত দ্বিঘাত রাশিটির আকৃতি ভেদে নিচে কয়েকটি বিশেষ প্রতিস্থাপনের মাধ্যমে যোগজ নির্ণয় পদ্ধতি দেয়া হলো। অপরদিকে x^2 এর সহগ একক হলে, বা উৎপাদক আকারে বের করে নিলে, দ্বিঘাত রাশিটিকে x^2+k^2, x^2-k^2 এবং k^2-x^2 আকারে পাওয়া যাবে এবং এই আকারের যোগজগুলোকে অনুসিদ্ধান্ত হিসাবে যোগজ নির্ণয় করা যেতে পারে।

নিয়ম ১৭: $\int\frac{1}{ax^2+c}dx$ $(a\neq0)$ আকারের যোগজ

[যোজ্য ফাংশনটির হরে যদি দ্বিপদী দ্বিঘাত আকারের বৈজিক রাশি থাকে এবং a ও c উভয় সহগই ধনাত্মক হয়, তবে, $x=\frac{\sqrt{c}}{\sqrt{a}}\tan\theta$ প্রতিস্থাপন করে যোগজীকরণ করা যাবে]

উদাহরণ 17: $(i)\int\frac{1}{5x^2+3}dx$ $(ii)\int\frac{dx}{9x^2+4}$

সমাধানঃ (i) মনে করুন, $x=\frac{\sqrt3}{\sqrt5}\tan\theta$ সুতরাং $dx=\frac{\sqrt3}{\sqrt5}\sec^2\theta\,d\theta$

এখন $\int\frac{dx}{5x^2+3}=\int\frac{\frac{\sqrt3}{\sqrt5}\sec^2\theta\,d\theta}{3\tan^2\theta+3}=\frac{1}{\sqrt{15}}\int d\theta=\frac{1}{\sqrt{15}}\theta+C=\frac{1}{\sqrt{15}}\tan^{-1}\frac{\sqrt5\,x}{\sqrt3}+C$

মন্তব্য : আবার $x=\frac{\sqrt3}{\sqrt5}\cot\theta$ ধরলে, $\int\frac{dx}{5x^2+3}=-\frac{1}{\sqrt{15}}\cot^{-1}\frac{\sqrt5\,x}{\sqrt3}+C$ হবে।

এখন আমরা জানি $\tan^{-1}\frac{\sqrt5\,x}{\sqrt3}+\cot^{-1}\frac{\sqrt5\,x}{\sqrt3}=\frac{\pi}{2}$

অতএব, $\frac{1}{\sqrt{15}}\tan^{-1}\frac{\sqrt5\,x}{\sqrt3}$ এবং $-\frac{1}{\sqrt{15}}\cot^{-1}\frac{\sqrt5\,x}{\sqrt3}$ এর অন্তরফল ধ্রুবক বিধায় উভয় যোগজই সঠিক।

$$(ii)\int\frac{dx}{9x^2+4}=\frac{1}{9}\int\frac{dx}{\frac{4}{9}+x^2}=\frac{1}{9}\int\frac{dx}{\left(\frac{2}{3}\right)^2+x^2}=\frac{1}{9}\cdot\frac{1}{\frac{2}{3}}\tan^{-1}\frac{x}{\frac{2}{3}}+C=\frac{1}{6}\tan^{-1}\left(\frac{3x}{2}\right)+C$$

অনুসিদ্ধান্তঃ $\int\frac{1}{x^2+k^2}dx=\frac{1}{k}\tan^{-1}\frac{x}{k}+C$

মন্তব্য : উপরোক্ত অনুসিদ্ধান্ত অনুসারে, $\int \frac{dx}{5x^2+3} = \frac{1}{5} \int \frac{dx}{x^2+(\frac{\sqrt{3}}{\sqrt{5}})^2} = \frac{1}{5} \frac{\sqrt{5}}{\sqrt{3}} \tan^{-1} \frac{\sqrt{5}\,x}{\sqrt{3}} = \frac{1}{\sqrt{15}} \tan^{-1} \frac{\sqrt{5}\,x}{\sqrt{3}} + C$

নিয়ম ১৮: $\int \frac{1}{ax^2-c}\, dx \quad (a\neq 0)$ **আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটির হরে যদি দ্বিপদী দ্বিঘাত রাশি হয় এবং ধ্রুবক ঋণাত্মক হয়, তবে, $x = \frac{\sqrt{c}}{\sqrt{a}} \sec\theta$ প্রতিস্থাপন করে যোগজীকরণ করা যাবে]

উদাহরণ 18: $(i) \int \frac{1}{2x^2-9} dx \quad (ii) \int \frac{dx}{9x^2-16}$

সমাধান: (i) মনে করুন, $x = \frac{3}{\sqrt{2}} \sec\theta$ সুতরাং $dx = \frac{3}{\sqrt{2}} \sec\theta \tan\theta\, d\theta$

এখন $\int \frac{1}{2x^2-9} dx = \int \frac{\frac{3}{\sqrt{2}} \sec\theta \tan\theta\, d\theta}{9 \sec^2\theta - 9} = \frac{1}{3\sqrt{2}} \int \operatorname{cosec}\theta\, d\theta = \frac{1}{3\sqrt{2}} \log|\tan\frac{\theta}{2}| + C = \frac{1}{6\sqrt{2}} \log|\tan^2\frac{\theta}{2}| + C$

$= \frac{1}{6\sqrt{2}} \log|\frac{\sqrt{2}x-3}{\sqrt{2}x+3}| + C$ যেহেতু $\sec\theta = \frac{1+\tan^2\frac{\theta}{2}}{1-\tan^2\frac{\theta}{2}} \Rightarrow \frac{\sqrt{2}x}{3} = \frac{1+\tan^2\frac{\theta}{2}}{1-\tan^2\frac{\theta}{2}} \Rightarrow \frac{\sqrt{2}x-3}{\sqrt{2}x+3} = \tan^2\frac{\theta}{2}$

$$(ii) \int \frac{dx}{9x^2-16} = \frac{1}{9} \int \frac{dx}{x^2 - \frac{16}{9}} = \frac{1}{9} \int \frac{dx}{x^2 - \left(\frac{4}{3}\right)^2} = \frac{1}{9} \cdot \frac{1}{2 \cdot \frac{4}{3}} \ln\left|\frac{x-\frac{4}{3}}{x+\frac{4}{3}}\right| + C = \frac{1}{24} \ln\left|\frac{3x-4}{3x+4}\right| + C$$

অনুসিদ্ধান্ত: $\int \frac{1}{x^2-k^2} dx = \frac{1}{2k} \log|\frac{x-k}{x+k}| + C$

নিয়ম ১৯: $\int \frac{1}{c-ax^2}\, dx \quad (a\neq 0)$ **আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটি যদি দ্বিপদী দ্বিঘাত আকারের হয় এবং ধ্রুবক পদটি ধনাত্মক কিন্তু x^2 এর সহগ যদি ঋণাত্মক হয়, তবে $x = \frac{\sqrt{c}}{\sqrt{a}} \sin\theta$ প্রতিস্থাপন করে যোগজীকরণ করা যাবে।]

উদাহরণ 19: $(i) \int \frac{1}{2-3x^2} dx \quad (ii) \int \frac{dx}{5-x^2}$

সমাধান: মনে করুন, $x = \frac{\sqrt{2}}{\sqrt{3}} \sin\theta$ সুতরাং $dx = \frac{\sqrt{2}}{\sqrt{3}} \cos\theta\, d\theta$

$\therefore \int \frac{1}{2-3x^2} dx = \int \frac{\frac{\sqrt{2}}{\sqrt{3}} \cos\theta\, d\theta}{2-2\sin^2\theta} = \frac{1}{\sqrt{6}} \int \sec\theta d\theta = \frac{1}{\sqrt{6}} \log|\tan(\frac{\pi}{4}+\frac{\theta}{2})| + C = \frac{1}{\sqrt{6}} \log|\tan(\frac{\pi}{4}+\frac{1}{2}\sin^{-1}\frac{\sqrt{3}x}{\sqrt{2}})| + C$

$$(ii) \int \frac{dx}{5-x^2} = \int \frac{dx}{\left(\sqrt{5}\right)^2 - x^2} = \frac{1}{2\sqrt{5}} \ln\left|\frac{\sqrt{5}-x}{\sqrt{5}+x}\right| + C$$

অনুসিদ্ধান্ত: $\int \frac{1}{k^2-x^2} dx = \frac{1}{2k} \log|\frac{k+x}{k-x}| + C$

নিয়ম ২০: $\int \frac{1}{(x+a)(x+b)}\, dx$ $(a \neq 0)$ **আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটির হরে অবস্থিত দ্বিঘাত রাশিটিকে যদি দুটি সরল উৎপাদকে বিভক্ত করা যায় তবে, ভগ্নাংশটিকে আংশিক ভগ্নাংশে রূপান্তর করে যোগজ নির্ণয় করতে হবে।]

উদাহরণ 20: $\int \frac{1}{6x^2+17x+12}\, dx$

সমাধান: $\int \frac{1}{6x^2+17x+12}\, dx = \int \frac{1}{(2x+3)(3x+4)}\, dx = \int \left[\frac{3}{3x+4} - \frac{2}{2x+3}\right] dx$

$= \int \frac{3}{3x+4}\, dx - \int \frac{2}{2x+3}\, dx = \log(3x+4) - \log(2x+3) + C = \log \frac{3x+4}{2x+3} + C$

নিয়ম ২১: টীকা - রাশিটির দুটি সরল উৎপাদক না হলে, $ax^2+bx+c = a(x+\frac{b}{2a})^2 + \frac{4ac-b^2}{4a^2}$ আকারে প্রকাশ করে,

$x+\frac{b}{2a} = z$ ধরলে, এটি az^2+c আকারের রাশিতে রূপান্তরিত হবে, পরে উপরের নিয়মে যোগজ নির্ণয় করতে হবে।

নিয়ম ২২: $\int \frac{1}{\sqrt{(x-a)(x-b)}}\, dx$ **অথবা** $\int \frac{1}{\sqrt{(x-a)(b-x)}}\, dx$ **আকারের যোগজ**

[যোজ্য বৈজিক ফাংশনটির হরে বর্গমূলের ভিতরে অবস্থিত দ্বিঘাত রাশিটির উৎপাদক করা গেলে, উৎপাদকদ্বয়ের যে কোন একটিকে z^2 প্রতিস্থাপন করে যোগজীকরণ করা যাবে অপরদিকে উৎপাদকদ্বয়ের মধ্যে যদি কোন একটি x ঋণাত্মক হয় তবে $\alpha\cos^2\theta+\beta\sin^2\theta$ দ্বারা বিশেষ ত্রিকোণমিতিক প্রতিস্থাপনের মাধ্যমে যোগজ নির্ণয় করা যাবে।]

উদাহরণ 21: (i) $\int \frac{1}{\sqrt{(x-3)(x-2)}}\, dx$ (ii) $\int \frac{1}{\sqrt{(x-2)(3-x)}}\, dx$

সমাধান: (i) মনে করুন $z^2 = x-3 \therefore 2z\, dz = dx$ এবং $x = 3+z^2$

অতএব, $\int \frac{1}{\sqrt{(x-3)(x-2)}}\, dx = \int \frac{1}{\sqrt{z^2(1+z^2)}} 2z dz = 2\int \frac{1}{\sqrt{1+z^2}} dz$

$= 2\log(z+\sqrt{z^2+1}) + C = 2\log(\sqrt{x-3}+\sqrt{x-2}) + C$

(ii) ধরুন, $x = 2\cos^2\theta+3\sin^2\theta \Rightarrow x=3-\cos^2\theta,\ x=2+\sin^2\theta \therefore dx = 2\sin\theta\cos\theta\, d\theta$

$\therefore \int \frac{dx}{\sqrt{(x-2)(3-x)}} = \int \frac{2\sin\theta\cos\theta}{\sqrt{\sin^2\theta\cos^2\theta}} d\theta = 2\int d\theta = 2\theta + C = 2\sin^{-1}\sqrt{x-2} + C$

নিয়ম ২৩: $\int \sqrt{\frac{px+q}{ax+b}}\, dx$ **অথবা** $\int \frac{px+q}{\sqrt{ax^2+bx+c}}\, dx$ **আকারের যোগজ**

[যোজ্য বৈজিক ফাংশনটি যদি বর্গমূলের ভিতরে দুটি একঘাত রাশির ভাগফল আকারের হয় তবে লব দ্বারা আনুপাতিকরণ করে প্রথমে লবের সার্ড মুক্ত করে, পরবর্তীতে হরে অবস্থিত দ্বিঘাত রাশিটির অবস্থাভেদে যোগজীকরণ করা যাবে।]

উদাহরণ 22: (i) $\int \sqrt{\frac{a+x}{a-x}}\, dx$ (ii) $\int \frac{2x+3}{\sqrt{x2+2x+5}}\, dx$

সমাধান: (i) মনে করুন, $I = \int \sqrt{\frac{a+x}{a-x}}\, dx = \int \frac{a+x}{\sqrt{a^2-x^2}}\, dx = \int \frac{a}{\sqrt{a^2-x^2}}\, dx + \int \frac{x}{\sqrt{a^2-x^2}}\, dx$

মনে করুন, $x=a\sin\theta \therefore dx = a\cos\theta d\theta \therefore I = \int \frac{a.a\cos\theta}{\sqrt{a^2-a^2\sin^2\theta}} d\theta + \int \frac{a.\sin\theta}{\sqrt{a^2-a^2\sin^2\theta}} a\cos\theta\, d\theta$

$= a\int d\theta + a\int \sin\theta\, d\theta = a\theta + a\cos\theta + C = a\sin^{-1}\frac{x}{a} + \sqrt{a^2-x^2} + C$

(ii) যোগজটির লবে অবস্থিত 2x+3কে $1.\frac{d}{dx}(x^2+2x+5)+1$ আকারে প্রকাশ করে পাওয়া যাবে

$$\int\frac{(2x+3)\,dx}{\sqrt{x^2+2x+5}}=\int\frac{\frac{d}{dx}(x^2+2x+5)}{\sqrt{x^2+2x+5}}\,dx+\int\frac{dx}{\sqrt{x^2+2x+5}}=2\sqrt{x^2+2x+5})+\int\frac{dx}{\sqrt{x^2+2x+5}}$$

$$=2\sqrt{x^2+2x+5})+\int\frac{1}{\sqrt{(x+1)^2+2^2}}\,dx=2\sqrt{x^2+2x+5})+\log(x+1+\sqrt{x^2+2x+5}+C$$

নিয়ম ২৪: $\int\frac{1}{(ax+b)\sqrt{px^2+qx++r}}$ **dx আকারের যোগজ**

[যোজ্য ফাংশনটির হরে অবস্থিত দ্বিঘাত রাশিটি যদি বর্গমূলের ভিতরে কিন্তু একঘাত রাশিটি বাইরে থাকে তবে বাইরের একঘাত রাশিটিকে $\frac{1}{z}$ প্রতিস্থাপন করে যোগজীকরণ করা যাবে।]

উদাহরণ 23: $\int\frac{1}{(x+1)\sqrt{1+2x-x^2}}\,dx$

সমাধান ঃ মনে করুন, $x+1=\frac{1}{z}\ \therefore\ dx=-\frac{1}{z^2}\,dz$ এবং $x=\frac{1}{z}-1\ \therefore\ 1+2x-x^2=\frac{4z-1-2z^2}{z^2}$

এখন $\int\frac{1}{(x+1)\sqrt{1+2x-x^2}}\,dx=-\int\frac{1}{\sqrt{4z-1-2z^2}}\,dz=-\frac{1}{\sqrt{2}}\int\frac{1}{\sqrt{\frac{1}{2}-(z-1)^2}}\,dz$

$=-\frac{1}{\sqrt{2}}\sin^{-1}\{\sqrt{2}(z-1)\}+C=-\frac{1}{\sqrt{2}}\sin^{-1}\frac{\sqrt{2}x}{1+x}+C$

শিক্ষার্থীর কাজ	(i) $\int\frac{1}{x\sqrt{1+x^2}}\,dx$	(ii) $\int\frac{1}{x\sqrt{2+x^2}}\,dx$	(iii) $\int\frac{1}{(x+2)\sqrt{x^2+4x+3}}dx$

নিয়ম ২৫: $\int\frac{1}{(cx^2+d)\sqrt{ax^2+b}}$ **dx আকারের যোগজ**

[যোজ্য বৈজিক ফাংশনটির হরে যদি দ্বিঘাত আকারের একটি রাশি থাকে এবং অপর দ্বিঘাত রাশিটি বর্গমূলের ভিতরে অবস্থিত হয় তবে, বর্গমূলের ভিতরে অবস্থিত রাশিটিকে z^2x^2 প্রতিস্থাপন করে যোগজীকরণ করা যাবে।

উদাহরণ 24: $(i)\int\frac{dx}{(4-x^2)\sqrt{3+2x^2}}$ $(ii)\int\frac{dx}{\sqrt{(a^2+x^2)^3}}$

সমাধান: (i)মনে করুন, $3+2x^2=x^2z^2\ \therefore\ 4xdx=x^2\,2zdz+2xz^2dx$

$\Rightarrow\ 2dx=xzdz+z^2dx\Rightarrow\ 2dx-z^2dx=xzdz\ \therefore\ dx=\frac{xz}{2-z^2}dz$

$\therefore$ ধরুন $I=\int\frac{dx}{(4-x^2)\sqrt{3+2x^2}}=\int\frac{\frac{xz}{2-z^2}\,dz}{(4-\frac{3}{z^2-2})xz}=\int\frac{1}{11-4z^2}\,dz$

এবার, $z=\frac{\sqrt{11}}{2}\sin\theta$ হলে, $dz=\frac{\sqrt{11}}{2}\cos\theta\,d\theta$

$\therefore\ I=\int\frac{\frac{\sqrt{11}}{2}\cos\theta\,d\theta}{11-\frac{11}{4}4\sin^2\theta}=\frac{1}{2\sqrt{11}}\int\sec\theta\,d\theta=\frac{1}{2\sqrt{11}}\log|\tan(\frac{\pi}{4}+\frac{\theta}{2})|+C$

$= \frac{1}{2\sqrt{11}} \log|\tan(\frac{\pi}{4}+\frac{1}{2}\sin^{-1}\frac{2z}{\sqrt{11}}|+C = \frac{1}{2\sqrt{11}}\log|\tan(\frac{\pi}{4}+\frac{1}{2}\sin^{-1}\frac{2\sqrt{3+2x^2}}{\sqrt{11}}|+C$

(ii) ধরুন, $a^2+x^2 = x^2z^2 \therefore 2x\,dx = x^2 2z\,dz + 2xz^2\,dx \Rightarrow dx = \frac{xz}{1-z^2}dz$

এখন $\int\frac{dx}{\sqrt{(a^2+x^2)3}} = \int\frac{\frac{xz}{1-z^2}dz}{x^3z^3} = \int \frac{dz}{x^2z^2(1-z^2)} = -\frac{1}{a^2}\int\frac{1}{z^2}dz = \frac{1}{a^2 z}+C = \frac{x}{a^2\sqrt{a^2+x^2}}+C$

পাঠোত্তর মূল্যায়ন ১০.৩

বহুনির্বাচনি প্রশ্ন

1. $\int\frac{dx}{1+x^2}$ -এর যোজিত ফল কোনটি?

(ক) $\sin^{-1}x$ (খ) $\cot^{-1}x+C$ (গ) $\tan^{-1}x$ (ঘ) $\tan^{-1}x+C$

2. $\int\frac{dx}{\sqrt{a^2-x^2}}$ -এর যোজিত ফল কোনটি?

(ক) $\sin^{-1}\frac{x}{a}+C$ (খ) $\cos^{-1}\frac{x}{a}+C$ (গ) $\cot^{-1}\frac{x}{a}$ (ঘ) $\tan^{-1}\frac{x}{a}+C$

3. $\int\frac{dx}{\sqrt{2-x^2}}$ -এ a এর মান কোনটি?

(ক) 2 (খ) $\sqrt{2}$ (গ) 3 (ঘ) $\sqrt{3}$

4. $\int \cos ecx dx$ কত?

$(i)\ -\ln|\cos ecx+\cot x|+C$ $(ii)\ -\ln\left|\cot\frac{x}{2}\right|+C$ $(iii)\ \ln\left|\tan\frac{x}{2}\right|+C$

উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

(ক) (i) ও (ii) (খ) (i) ও (iii) (গ) (ii) ও (iii) (ঘ) $(i),(ii)$ ও (iii)

নিচের তথ্যের আলোকে 5-6 নং প্রশ্নের উত্তর দিন

$\int f(t)dt = g(t)+C$

5. $f(t)=\frac{1}{\sqrt{t^2+a^2}}$ হলে $g(t)$ কোনটি?

(ক) $\ln\left|t-\sqrt{t^2+a^2}\right|$ (খ) $\ln\left|t-\sqrt{t^2-a^2}\right|$ (গ) $\ln\left|t+\sqrt{t^2-a^2}\right|$ (ঘ) $\ln\left|t+\sqrt{t^2+a^2}\right|$

6. $g(t)=\ln\left|t+\sqrt{t^2-a^2}\right|$ হলে $f(t)$ কোনটি?

(ক) $\frac{1}{\sqrt{a^2+t^2}}$ (খ) $\frac{a}{\sqrt{a^2+t^2}}$ (গ) $\frac{1}{\sqrt{t^2-a^2}}$ (ঘ) $\frac{t}{\sqrt{t^2-a^2}}$

সৃজনশীল প্রশ্ন

7. ধরুন, $f(t)=t^2$ এবং $g(t)=t$

(ক) $\int \frac{dt}{1+\cos^2 t}$ নির্ণয় করুন।

(খ) $\int g(t)\sin\left(f(t)\right)dt$ এবং $\int g(t)\sin^2\left(f(t)\right)dt$ নির্ণয় করুন।

(গ) $\frac{1}{\left[1-g(t)\right]\left[\sqrt{1-f(t)}\right]}$ এর যোগজ নির্ণয় করুন।

যোগজ নির্ণয় করুন

8. $(i)\int (4+3x)^5 dx$ $(ii)\int \frac{dx}{9-4x^2}$ $(iii)\int \frac{dx}{\sqrt{9-16x^2}}$ $(iv)\int \cot^6 x dx$

$(v)\int \sqrt{\left(\frac{3x+2}{2x+3}\right)}dx$ $(vi)\int \frac{3dx}{x^2-8x+25}$ $(vii)\int \frac{dx}{\sqrt{(3x^2-4x+2)^3}}$ $(viii)\int \frac{1}{(4+x^2)\sqrt{1+4x^2}}dx$

$(ix)\int \frac{1}{\sqrt{(x-1)(3-x)}}dx$ $(x)\int \frac{1}{4x^2-9}dx$

9. $(i)\int \frac{dx}{16+9x^2}$ $(ii)\int \operatorname{cosec}^8 x dx$ $(iii)\int \sec^8 x dx$ $(iv)\int \frac{dx}{\cos^2 x+3\sin^2 x}$

$(v)\int \frac{1}{\sin x+\cos x+2}dx$ $(vi)\int \frac{1}{5-3\cos x}dx$ $(vii)\int \frac{1}{5+4\sin^2 x}dx$ $(viii)\int \frac{1}{\sqrt{\sin^5 x\cos^3 x}}dx$

$(ix)\int \frac{dx}{(x-3)\sqrt{2x^2-12x+17}}$ $(x)\int \frac{1}{x\sqrt{4x^2-9}}dx$

পাঠ ১০.৪ আংশিক ভগ্নাংশ ব্যবহার করে অনির্দিষ্ট যোগজ (Integration by Partial Fractions)

পাঠভিত্তিক উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- আংশিক ভগ্নাংশ ব্যবহার করে অনির্দিষ্ট যোগজ নির্ণয় করতে পারবেন।

মূখ্য শব্দ	মূলদ ভগ্নাংশ, অভেদ, পুনরাবৃত্ত উৎপাদক, আংশিক ভগ্নাংশ, কভার আপ রুল (Cover-up rule)

মূলপাঠ

যোজ্য ফাংশনটি যদি একটি বীজগাণিক মূলদ ভগ্নাংশ আকারে থাকে তবে এর যোগজ নির্ণয়ের ক্ষেত্রে প্রথমে মূলদ ভগ্নাংশটিকে আংশিক ভগ্নাংশে রূপান্তরিত করে কয়েকটি সরল ভগ্নাংশে পরিবর্তন করতে হবে এবং পরে পৃথকভাবে এদের যোগজীকরণ করতে হবে। এখানে উদাহরণ হিসাবে বিভিন্ন প্রকারের মূলদ ভগ্নাংশের রূপান্তরের মাধ্যমে কয়েকটি যোগজীকরণ পদ্ধতি দেখানো হলো।

আংশিক ভগ্নাংশ নির্ণয়ের শর্ত: বীজগাণিক মূলদ ভগ্নাংশটির হরে অবস্থিত রাশিটিকে এর চলকের কয়েকটি একঘাত, দ্বিঘাত এবং একঘাত পুনরাবৃত্ত উৎপাদকে বিশ্লেষণ করে, এদেরকে আংশিক ভগ্নাংশে রূপান্তর করা যাবে।

মূলদ ভগ্নাংশের যোগজ নির্ণয়: যদি $g(x)$ এবং $h(x)$ বহুপদী হয়, তবে $\frac{g(x)}{h(x)}$ আকারের ফাংশনকে মূলদীয় ফাংশন বলে। মূলদীয় ফাংশনের যোগজীকরণের জন্য ফাংশনটিকে আংশিক ভগ্নাংশে রূপান্তর করার পর পৃথক পৃথকভাবে যোগজ নির্ণয় করতে হয়। মূলদীয় ফাংশনকে আংশিক ভগ্নাংশে রূপান্তর করার জন্য নিম্নলিখিত নিয়মগুলি অনুসরণ করা যেতে পারে।

নিয়ম ১: (i) লবের ঘাত $<$ হরের ঘাত হলে অর্থাৎ $\frac{ax^2+bx+c}{(x-\alpha)(x-\beta)(x-\gamma)} \equiv \frac{A}{x-\alpha}+\frac{B}{x-\beta}+\frac{C}{x-\gamma}$

(ii) লবের ঘাত $=$ হরের ঘাত হলে অর্থাৎ $\frac{ax^3+bx^2+cx+d}{(x-\alpha)(x-\beta)(x-\gamma)} \equiv A+\frac{B}{x-\alpha}+\frac{C}{x-\beta}+\frac{D}{x-\gamma}; a\neq 0$

(iii) লবের ঘাত $=$ হরের ঘাত $+1$ হলে অর্থাৎ $\frac{ax^3+bx^2+cx+d}{(x-\alpha)(x-\beta)} \equiv Ax+B+\frac{C}{x-\alpha}+\frac{D}{x-\beta}; a\neq 0$

(iv) হরের উৎপাদকে ঘাত পুনরাবৃত্ত হলে অর্থাৎ $\frac{ax^2+bx+c}{(x-\alpha)^2(x-\beta)} \equiv \frac{A}{x-\alpha}+\frac{B}{(x-\alpha)^2}+\frac{C}{x-\beta}$

(v) হরের উৎপাদকে দ্বিঘাত হলে অর্থাৎ $\frac{ax^2+bx+c}{(x^2+\alpha)(x-\beta)} \equiv \frac{Ax+B}{x^2+\alpha}+\frac{C}{x-\beta}$

উদাহরণ 1: যোগজ নির্ণয় করুন, (i) $\int \frac{dx}{(x-a)(x-b)}$ (ii) $\int \frac{dx}{(x-1)(x-2)}$ (iii) $\int \frac{dx}{(x-4)(x+7)}$

সমাধান: (i) মনেকরুন, $\frac{1}{(x-a)(x-b)} \equiv \frac{A}{x-a}+\frac{B}{x-b}$; $A,B\in\Re$

উভয় পক্ষকে $(x-a)(x-b)$ দ্বারা গুণ করে পাই, $1\equiv A(x-b)+B(x-a)$, যা x এর একটি অভেদ।

অভেদটিতে x এর মান a এবং b বসিয়ে পাই, $A=\frac{1}{a-b}$ এবং $B=\frac{1}{b-a}$

$$\therefore \frac{1}{(x-a)(x-b)} = \frac{\frac{1}{a-b}}{x-a}+\frac{\frac{1}{b-a}}{x-b}$$

অতএব, $\int \frac{dx}{(x-a)(x-b)} = \int \frac{\frac{1}{a-b}}{x-a}\,dx + \int \frac{\frac{1}{b-a}}{x-b}\,dx = \frac{1}{a-b}\int\frac{dx}{x-a}+\frac{1}{b-a}\int\frac{dx}{x-b}$

$$=\frac{1}{a-b}\ln|x-a|+\frac{1}{b-a}\ln|x-b|+C=\frac{1}{a-b}\ln|x-a|-\frac{1}{a-b}\ln|x-b|+C=\frac{1}{a-b}\ln\left|\frac{x-a}{x-b}\right|+C$$

(ii) ধরুন, $\frac{1}{(x-1)(x-2)} \equiv \frac{A}{x-1}+\frac{B}{x-2}$; $A,B\in\Re$

উভয় পক্ষকে $(x-1)(x-2)$ দ্বারা গুণ করে পাই, $1\equiv A(x-2)+B(x-1)$, যা x এর একটি অভেদ।

অভেদটিতে x এর মান 1 এবং 2 বসিয়ে পাই, $A=-1$ এবং $B=1$

$$\therefore \frac{1}{(x-1)(x-2)} = \frac{-1}{x-1}+\frac{1}{x-2}$$

অতএব, $\int \frac{dx}{(x-1)(x-2)} = \int \frac{-1}{x-1}\,dx + \int \frac{1}{x-2}\,dx = -1.\int\frac{dx}{x-1}+1.\int\frac{dx}{x-2}$

$$= -\ln|x-1| + \ln|x-2| + C = \ln|x-2| - \ln|x-1| + C = \ln\left|\frac{x-2}{x-1}\right| + C$$

(iii) ধরুন, $\frac{1}{(x-4)(x+7)} \equiv \frac{A}{x-4} + \frac{B}{x+7}$; $A,B \in \Re$

উভয় পক্ষকে $(x-4)(x+7)$ দ্বারা গুণ করে পাই, $1 \equiv A(x+7) + B(x-4)$, যা x এর একটি অভেদ।

অভেদটিতে x এর মান 4 এবং -7 বসিয়ে পাই, $A = \frac{1}{11}$ এবং $B = \frac{-1}{11}$

$$\therefore \frac{1}{(x-4)(x+7)} = \frac{\frac{1}{11}}{x-4} + \frac{\frac{-1}{11}}{x+7}$$

অতএব, $\int \frac{dx}{(x-4)(x+7)} = \int \frac{\frac{1}{11}}{x-4} dx + \int \frac{\frac{-1}{11}}{x+7} dx = \frac{1}{11}\int \frac{dx}{x-4} - \frac{1}{11}\int \frac{dx}{x+7}$

$$= \frac{1}{11}\ln|x-4| - \frac{1}{11}\ln|x+7| + C = \frac{1}{11}\ln\left|\frac{x-4}{x+7}\right| + C$$

উদাহরণ 2: (i) $\int \frac{x}{(x-a)(x-b)} dx$ (ii) $\int \frac{xdx}{(x-2)(x+5)}$ (iii) $\int \frac{x}{(2x+1)(x+1)} dx$ নির্ণয় করুন ।

সমাধানঃ (i) মনে করুন, $\frac{x}{(x-a)(x-b)} \equiv \frac{A}{x-a} + \frac{B}{x-b}$; $A,B \in \Re$

উভয় পক্ষকে $(x-a)(x-b)$ দ্বারা গুণ করে পাই,

$x \equiv A(x-b) + B(x-a)$ ... ... (1) , যা x এর একটি অভেদ।

অভেদটিতে x এর মান a এবং b বসিয়ে পাই, $A = \frac{a}{a-b}$ এবং $B = \frac{b}{b-a}$

$$\therefore \frac{x}{(x-a)(x-b)} = \frac{\frac{a}{a-b}}{x-a} + \frac{\frac{b}{b-a}}{x-b}$$

অতএব, $\int \frac{x}{(x-a)(x-b)} dx = \int \frac{\frac{a}{a-b}}{x-a} dx + \int \frac{\frac{b}{b-a}}{x-b} dx = \frac{a}{a-b}\int \frac{dx}{x-a} + \frac{b}{b-a}\int \frac{dx}{x-b}$

$$= \frac{a}{a-b}\ln|x-a| + \frac{b}{b-a}\ln|x-b| + C = \frac{a}{a-b}\ln|x-a| - \frac{b}{a-b}\ln|x-b| + C$$

(ii) ধরুন, $\frac{x}{(x-2)(x+5)} \equiv \frac{A}{x-2} + \frac{B}{x+5}$; $A,B \in \Re$

উভয় পক্ষকে $(x-2)(x+5)$ দ্বারা গুণ করে পাই,

$x \equiv A(x+5) + B(x-2)$ ... ... (1), যা x এর একটি অভেদ।

অভেদটিতে x এর মান 2 এবং -5 বসিয়ে পাই, $A = \frac{2}{7}$ এবং $B = \frac{5}{7}$

$\therefore \dfrac{x}{(x-2)(x+5)} = \dfrac{\frac{2}{7}}{x-2} + \dfrac{\frac{5}{7}}{x+5}$

অতএব, $\int \dfrac{xdx}{(x-2)(x+5)} = \int \dfrac{\frac{2}{7}}{x-2}dx + \int \dfrac{\frac{5}{7}}{x+5}dx = \dfrac{2}{7}\int\dfrac{dx}{x-2} + \dfrac{5}{7}\int\dfrac{dx}{x+5} = \dfrac{2}{7}\ln|x-2| + \dfrac{5}{7}\ln|x+5| + C$

উদাহরণ 3: যোগজ নির্ণয় করুন, (i) $\int \dfrac{2x+3}{x^3+x^2-2x}\, dx$ (ii) $\int \dfrac{1}{(x-1)^2(x-2)}\, dx$

সমাধান : (i) ধরুন, $\dfrac{2x+3}{x^3+x^2-2x} = \dfrac{2x+3}{x(x-1)(x+2)} \equiv \dfrac{A}{x} + \dfrac{B}{x-1} + \dfrac{C}{x+2}$; $A,B,C \in \Re$

বাম পক্ষের হর দ্বারা উভয় পক্ষকে গুণ করে পাই, $2x+3 \equiv A(x-1)(x+2)+B\, x(x+2)+C\, x(x-1)$ ... ... (1) যা, x এর একটি অভেদ।

এখন, অভেদটিতে x এর মান 0,1,–2 বসিয়ে পাই, $A = -\dfrac{3}{2}, B = \dfrac{5}{3}, C = -\dfrac{1}{6}$

অতএব, $\int \dfrac{2x+3}{x^3+x^2-2x}dx = -\dfrac{3}{2}\int \dfrac{1}{x}dx + \dfrac{5}{3}\int\dfrac{1}{x-1}dx - \dfrac{1}{6}\int\dfrac{1}{x+2} = -\dfrac{3}{2}\ln|x| + \dfrac{5}{3}\ln|(x-1)| - \dfrac{1}{6}\ln|(x+2)| + C$

(ii) মনে করুন, $\dfrac{1}{(x-1)^2(x-2)} \equiv \dfrac{A}{(x-1)^2} + \dfrac{B}{x-1} + \dfrac{C}{x-2}$; $A,B,C \in \Re$

বাম পক্ষের হর দ্বারা উভয় পক্ষকে গুণ করে পাই, $1 \equiv A(x-2)+B(x-1)(x-2)+C(x-1)^2$... (1) যা, x এর একটি অভেদ। এখন অভেদটিতে x এর মান 0, 1, 2 বসিয়ে পাই, A= –1, B = –1, C = 1

অতএব, $\int \dfrac{1}{(x-1)^2(x-2)}dx = -\int\dfrac{1}{(x-1)^2}dx - \int\dfrac{1}{x-1}dx + \int\dfrac{1}{x-2}dx$

$= \dfrac{1}{x-1} - \ln|(x-1)| + \ln|(x-2)| + C$

উদাহরণ 4: (i) $\int\dfrac{\mathbf{1}}{\mathbf{(x+3)(x^2+4)}}\,\mathbf{dx}$ (ii) $\int\dfrac{x^3}{(x-a)(x-b)(x-c)}dx$ (iii) $\int\dfrac{x^2-1}{x^2-4}dx$ নির্ণয় করুন ।

সমাধান: (i) মনে করুন, $\dfrac{1}{(x+3)(x^2+4)} \equiv \dfrac{A}{x+3} + \dfrac{Bx+C}{x^2+4}$; $A,B,C \in \Re$

বাম পক্ষের হর দ্বারা উভয় পক্ষকে গুণ করে পাই, $1 \equiv A(x^2+4)+(Bx+C)(x+3)$ ... ... (1) যা, x এর একটি অভেদ।

এখন অভেদটির x এর বিভিন্ন ঘাতের সহগ সমীকৃত করে পাই, A+B=0 ; 3B+C=0 ; 4A+3C=1

এবার সমীকরণ সমূহ সমাধান করে পাই, $A = \dfrac{1}{13}$, $B = -\dfrac{1}{13}$, $C = \dfrac{3}{13}$

অতএব, $\int\dfrac{1}{(x+3)(x^2+4)}dx = \dfrac{1}{13}\int\dfrac{1}{x+3}dx - \dfrac{1}{13}\int\dfrac{x-3}{x^2+4}dx = \dfrac{1}{13}\int\dfrac{1}{x+3}dx - \dfrac{1}{26}\int\dfrac{2x}{x^2+4}dx + \dfrac{3}{13}\int\dfrac{1}{x^2+4}dx$

$= \dfrac{1}{13}\ln|x+3| - \dfrac{1}{26}\ln|x^2+4| + \dfrac{3}{26}\tan^{-1}|\dfrac{x}{2}| + C$

(ii) ধরুন, $\dfrac{x^3}{(x-a)(x-b)(x-c)} \equiv 1 + \dfrac{A}{x-a} + \dfrac{B}{x-b} + \dfrac{C}{x-c}$; $A,B,C \in \Re$

বাম পক্ষের হর দ্বারা উভয় পক্ষকে গুণ করে পাই,

$x^3 \equiv (x-a)(x-b)(x-c)+A(x-b)(x-c)+B(x-a)(x-c)+C(x-a)(x-b)$ … … … (1) যা, x এর একটি অভেদ।

অভেদটিতে x এর মান a, b, c বসিয়ে পাই, $A=\frac{a^3}{(a-b)(a-c)}$, $B=\frac{b^3}{(b-c)(b-a)}$, $C=\frac{c^3}{(c-a)(c-b)}$

$$\therefore \int \frac{x^3dx}{(x-a)(x-b)(x-c)} = \int 1.dx + \frac{a^3}{(a-b)(a-c)}\int \frac{dx}{x-a} + \frac{b^3}{(b-c)(b-a)}\int \frac{dx}{x-b} + \frac{c^3}{(c-a)(c-b)}\int \frac{dx}{x-c}$$

$$= x + \frac{a^3}{(a-b)(a-c)} \ln|x-a| + \frac{b^3}{(b-c)(b-a)} \ln|x-b| + \frac{c^3}{(c-a)(c-b)} \ln|x-c| + C$$

(iii) $\frac{x^2-1}{x^2-4} = \frac{x^2-4+3}{x^2-4} = \frac{x^2-4}{x^2-4} + \frac{3}{x^2-4} = 1 + \frac{3}{x^2-4} = 1 + \frac{3}{(x-2)(x+2)}$

ধরুন, $\frac{3}{(x-2)(x+2)} \equiv \frac{A}{x-2} + \frac{B}{x+2}$

এখানে, $A = \left[\frac{3}{x+2}\right]_{x=2} = \frac{3}{2+2} = \frac{3}{4}$ [Cover-up নিয়মে]

$B = \left[\frac{3}{x-2}\right]_{x=-2} = \frac{3}{-2-2} = \frac{-3}{4}$ [Cover-up নিয়মে]

$$\therefore \frac{3}{(x-2)(x+2)} = \frac{\frac{3}{4}}{x-2} + \frac{\frac{-3}{4}}{x+2}$$

$$\therefore \int \frac{x^2-1}{x^2-4}dx = \int 1.dx + \int \frac{3dx}{(x-2)(x+2)} = \int 1.dx + \int \frac{\frac{3}{4}}{x-2}dx + \int \frac{\frac{-3}{4}}{x+2}dx$$

$$= \int 1.dx + \frac{3}{4}\int \frac{dx}{x-2} - \frac{3}{4}\int \frac{dx}{x+2} = x + \frac{3}{4}\ln|x-2| - \frac{3}{4}\ln|x+2| + C = x + \frac{3}{4}\ln\left|\frac{x-2}{x+2}\right| + C$$

উদাহরণ 5: যোগজ নির্ণয় করুন, (i) $\int \frac{3x^2-5}{(x+2)^3}\, dx$ (ii) $\int \frac{2x^2-7x+3}{x(x+2)^3}\, dx$

সমাধান: (i) ধরুন, $x+2=y$ সুতরাং $dx = dy$

$$\therefore \frac{3x^2-5}{(x+2)^3} = \frac{3(y-2)^2-5}{y^3} = \frac{3y^2-12y+12-5}{y^3} = \frac{3}{y} - \frac{12}{y^2} + \frac{7}{y^3} = \frac{3}{x+2} - \frac{12}{(x+2)^2} + \frac{7}{(x+2)^3}$$

$$\therefore \int \frac{3x^2-5}{(x+2)^3}\, dx = \int \frac{3\, dx}{x+2} - \int \frac{12\, dx}{(x+2)^2} + \int \frac{7\, dx}{(x+2)^3} = 3\ln|x+2| + \frac{12}{x+2} - \frac{7}{2(x+2)^2} + C$$

(ii) মনে করুন, $x+2=y$ সুতরাং $dx = dy$

$$\therefore \frac{2x^2-7x+3}{x(x+2)^3} = \frac{2(y-2)^2-7(y-2)+3}{(y-2)y^3} = \frac{2y^2-15y+25}{(y-2)y^3} = \frac{1}{y^3}\,\frac{25-15y+2y^2}{-2+y}$$

এখন ভাগ প্রক্রিয়া হতে পাই, $\frac{25-15y+2y^2}{-2+y} = -\frac{25}{2} + \frac{25}{4}y - \frac{3}{8}y^2 + \frac{\frac{3}{8}y^3}{y-2}$

$$\therefore \int \frac{2x^2-7x+3}{x(x+2)^3}\, dy = \int \frac{1}{y^3}\frac{25-15y+2y^2}{-2+y}\, dy = \int \frac{1}{y^3}\left[-\frac{25}{2} + \frac{25}{4}y - \frac{3}{8}y^2 + \frac{\frac{3}{8}y^3}{y-2}\right] dy$$

$$= -\int \frac{25}{2y^3}\, dy + \int \frac{25}{4y^2}\, dy - \int \frac{3}{8y}\, dy + \int \frac{3}{8(y-2)}\, dy$$

$$= -\frac{25}{2}\int \frac{1}{(x+2)^3}\, dx + \frac{25}{4}\int \frac{1}{(x+2)^2}\, dx - \frac{3}{8}\int \frac{1}{(x+2)}\, dx + \frac{3}{8}\int \frac{1}{x}\, dx$$

$$= \frac{25}{4(x+2)^2} - \frac{25}{4(x+2)} + \frac{3}{8}\ln\left|\frac{x}{x+2}\right| + C$$

নিয়ম ২: কভার আপ রুল (Cover-up rule) ঃ মূলদীয় ভগ্নাংশকে কভার-আপ রুলের সাহায্যে সহজে আংশিক ভগ্নাংশে পরিণত করে যোগজ নির্ণয় করা যায়। যেমন ঃ $\frac{ax^2+bx+c}{(x-a)(x-b)(x-c)}$ কে আংশিক ভগ্নাংশে পরিণত করতে হবে।

এখন, ধরুন, $\frac{ax^2+bx+c}{(x-a)(x-b)(x-c)} \equiv \frac{A}{x-a} + \frac{B}{x-b} + \frac{C}{x-c}; \quad A, B, C \in \Re$

